NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-750
বিষয়: শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: মঙ্গলবার, 18 জুন 2026

## পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার

এই প্রবিধান 28 সেপ্টেম্বর, 2017 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-750 কে হালনাগাদ করে এবং স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- যেসব কর্মী আইনত রিপোর্ট করতে বাধ্য নন, তাদেরকেও শিশু নিগ্রহ অথবা উৎপীড়ন সন্দেহ করার মতো যুক্তিসঙ্গত কারণ থাকলে রিপোর্ট করতে উৎসাহিত করার পথ-নির্দেশনার প্রতিফলন করতে পুরো প্রবিধান জুড়ে "বাধ্যতামূলক প্রতিবেদক (ম্যান্ডেটেড রিপোর্টার)" শব্দটিকে "প্রতিবেদক বা রিপোর্টার" দ্বারা প্রতিস্থাপন করে।
- পুরো প্রবিধান জুড়ে সুপারিনটেনডেন্টের অফিসের অন্তর্গত ফিল্ড সাপোর্ট সেন্টার ডিরেক্টর পদটি পরিবর্তন করে স্টুডেন্ট সার্ভিসেস্ ম্যানেজার হিসেবে প্রতিস্থাপন করে।
- SCR প্রতিবেদন এবং ACS সাড়াদান সংক্রান্ত প্রতিবেদন করাকে ILOG থেকে OORS-এ স্থানান্তর করে।
- স্পষ্টতা ও সাবলীলতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সেকশন পুনর্গঠন ও ধারাক্রম করে।

সেকশন I. সংজ্ঞাসমূহ

- "আইনত দায়বদ্ধ ব্যক্তি" এবং "যুক্তিসঙ্গত কারণ" পদ দুটোর সংজ্ঞা স্থির করে।
  - সুস্পষ্ট করে যে, NYCPS LYFE সেন্টার এবং নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টারের স্টাফগণ রিপোর্টিংয়ের উদ্দেশ্যে আইনত দায়বদ্ধ ব্যক্তি হিসেবে গণ্য হতে পারেন।
- স্টেটের আইন এবং প্রবিধানমূলক নির্দেশনার সাথে সামঞ্জস্য বিধানের লক্ষ্যে "শিশু নিগ্রহ" এবং "শিশু উৎপীড়ন" পরিভাষা দুটোর সংজ্ঞা সংশোধন করে।

সেকশন II. নিউ ইয়র্ক স্টেটওয়াইড সেন্ট্রাল রেজিস্টার অভ চাইল্ড অ্যাবিউস অ্যান্ড ম্যালট্রিটিমেন্ট-এ রিপোর্ট করার প্রক্রিয়া

- কারা শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউজ) এবং/অথবা দুর্ব্যবহারের সন্দেহজনক পরিস্থিতি রিপোর্ট করার জন্য দায়বদ্ধ ও যেসব কর্মী আইনত রিপোর্ট করতে বাধ্য নন, তাদেরকেও শিশু নিগ্রহ অথবা দুর্ব্যবহার সন্দেহ করার মতো যুক্তিসঙ্গত কারণ থাকলে রিপোর্ট করতে উৎসাহিত করে একটি উপ-অনুচ্ছেদ যোগ করে।
- SCR-এ রিপোর্ট করার প্রেক্ষাপটে যুক্তিসঙ্গত কারণের সাবসেকশন যোগ করে, যা বস্তুনিষ্ঠ তথ্য, পেশাগত বিচারিক বিবেচনা, এবং প্রশিক্ষণের আস্থার উপর জোর দেয়।
- যেসকল পরিবার SCR-এ কোনো রিপোর্টের জন্য আইনি ভিত্তি পূরণ করে না তাদেরকে কোনো রিপোর্টের শর্ত পূরণ ছাড়াই লভ্য পরিষেবার সাথে সংযোগ ঘটিয়ে দেয়।
- শিক্ষাগত অবহেলার উপর ভিত্তি করে দুর্ব্যবহারের সন্দেহ রিপোর্ট করা সম্পর্কিত উপ-অনুচ্ছেদটি সংশোধন করে এবং সুস্পষ্ট করে যে:
  - স্কুলে কম উপস্থিতি এককভাবে দুর্ব্যবহার সন্দেহ করার মতো যুক্তিসঙ্গত কারণ নয়।

- শিক্ষাগত অবহেলার উপর ভিত্তিতে করা রিপোর্টগুলোকে অবশ্যই প্রতিবন্ধকতা অথবা প্রতিবন্ধকতার আসন্ন ঝুঁকি এবং সম্পৃক্ততার অসফল প্রচেষ্টা প্রদর্শন সংক্রান্ত সুনির্দিষ্ট মানদণ্ড পূরণ করতে হবে।

- এই মর্মে যে প্রতিবেদনকারীদের অবশ্যই SCR-এ নিজস্ব যোগাযোগের তথ্য প্রদান করতে হবে।
- এই মর্মে যে, যদি প্রতিবেদনকারী লভ্যতা সাপেক্ষে একটি 'অনুসন্ধানের সারসংক্ষেপ' (সামারি অভ ফাইন্ডিংস্) চিঠি পেতে চান, তবে তাকে অবশ্যই SCR-এ একটি ইমেইল ঠিকানা দিতে হবে।
- স্পষ্ট করে যে, প্রবিধানে ব্যবহৃত 'প্রিন্সিপাল' পরিভাষাটি NYCPS দ্বারা পরিচালিত কোনও শৈশবকালীন শিক্ষা (আর্লি চাইল্ডহুড এডুকেশন) প্রোগ্রামের ডিরেক্টরকেও বোঝায়।
- যখন প্রতিবেদনকারী মনে করেন যে একই তথ্যের ভিত্তিতে আরেকটি রিপোর্ট করা হয়েছে, সেক্ষেত্রে রিপোর্ট করার প্রক্রিয়া স্পষ্ট করে:
  - রিপোর্টার অবশ্যই প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে পরামর্শ করবেন।
  - যদি প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি নিশ্চিত না করেন যে অন্য একটি রিপোর্ট করা এবং গৃহীত হয়েছে বা যদি প্রিন্সিপাল/তার দায়িত্ব ব্যক্তি কোনো "কল I.D." নম্বর প্রদান না করেন, রিপোর্টার অবশ্যই রিপোর্টটি করবেন।
- প্রতিবেদনকারীর দেয়া তথ্যের ভিত্তিতে প্রতিবেদনকারী এবং/অথবা প্রিন্সিপাল/মনোনীত ব্যক্তি দ্বারা লিখিত রিপোর্ট (LDSS-2221-A) প্রস্তুত করার অনুমতি দেয়।
- লিখিত রিপোর্টগুলো ACS বরো অফিসগুলোতে ইমেইলের মাধ্যমে প্রেরণ আবশ্যক করার পদ্ধতিসমূহ হালনাগাদ করে এবং হালনাগাদকৃত যোগাযোগের তথ্য প্রদান করে।
- পথ-নির্দেশনা যোগ করে যে, যেসব NYCPS কর্মী কোনও শিক্ষার্থী মানব পাচারের শিকার হচ্ছে অথবা মানব পাচারের ঝুঁকিতে আছে, তাদেরকে অবশ্যই মানব পাচার সংক্রান্ত স্কুলে নিরাপত্তার নিয়মাবলীতে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে।
- কোনো শিক্ষার্থীর আসন্ন বিপদের ক্ষেত্রসমূহের জন্য প্রক্রিয়াগুলি হালনাগাদ করে, এর অন্তর্ভুক্ত SSA/NYPD-এর সাথে সমন্বয় সাধনের আবশ্যিকতা, এবং ACS আগমনে যদি বিলম্ব হয় তাহলে শিক্ষার্থীর তত্ত্বাবধান করা।
- নিগৃহীত বা নিপীড়িত বলে সন্দেহকৃত কোনো শিক্ষার্থীর আঘাতের ছবি তোলার নীতি হালনাগাদ করে।
  - ছবি তোলার আগে সন্দেহকৃত শিক্ষার্থীর নিগ্রহ অথবা নিপীড়ন রিপোর্ট করতে যাতে স্কুল কর্মীগণ অবশ্যই তাদের সর্বোত্তম প্রচেষ্টা চালায় সে ব্যবস্থা প্রদান করে।
- এই মর্মে যে, যদি SCR আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিত করে, তবে স্কুলের আর আইন প্রয়োগকারী সংস্থাকে আবার জানানোর প্রয়োজন নেই।

সেকশন III. শিশু নিগ্রহ ও দুর্ব্যবহার সন্দেহের রিপোর্টের পর ACS-এর সাড়াদানে সহযোগিতা করার প্রক্রিয়া

- স্পষ্ট করে যে, CPS কর্মীগণ কোনো শিক্ষার্থীকে তার বাহ্যিক পোশাক খুলতে বলতে পারেন।
- শিক্ষার্থীর জন্য অত্যাসন্ন বিপদের ঝুঁকি সৃষ্টিকারী জরুরি পরিস্থিতি বিদ্যমান তা উল্লেখ করতে ACS দ্বারা ব্যবহৃত ফর্মের (DCP-048) নাম হালনাগাদ করে।
- এই মর্মে যে যখন CPS কর্মীরা কোনো শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নিতে চাইবেন অথবা যখন এক বা একাধিক MDT সদস্য কোনো শিক্ষার্থীকে একটি CAC/CPC-তে নিতে চাইবেন, তখন প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি সিনিয়র ফিল্ড কাউন্সেল-এর সাথে যোগাযোগ করবেন।
- সহযোগিতামূলক মূল্যায়ন, সাড়াদান, সম্পৃক্তি এবং সহযোগিতা (কোলাবোরেটিভ অ্যাসেসমেন্ট, রেসপন্স,

এনগেজমেন্ট, অ্যান্ড সাপোর্ট, CARES) কেসসমূহের উপর একটি উপ-অনুচ্ছেদ যোগ করে, যা শিক্ষার্থীর নিরাপত্তায় সাড়াদানে SCR-এ রিপোর্ট করার পরিবর্তে একটি বিকল্প এবং কোনও তদন্ত আবশ্যক নয়।

- যদি কোনো একটি কেস CARES প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হয়, তবে ACS-এর সাথে শিক্ষা সংক্রান্ত নথিপত্র শেয়ার করতে এবং/অথবা শিক্ষার্থীর সাথে সাক্ষাতের সুযোগ দিতে স্কুলের কর্মীকে অবশ্যই পিতামাতার সম্মতি নিতে হবে।

সেকশন IV. শিশু কল্যাণ বা চাইল্ড ওয়েলফেয়ার ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ক্ষেত্রে উদ্বেগ প্রকাশের নীতিমালা ও কার্যপ্রণালী

- স্পষ্ট করে যে, স্তর-ভিত্তিক সাড়াদানের নিয়ম-কানুন (টিয়ারড্ রেসপন্স প্রোটোকল) হলো একটি নিরাপত্তার নিয়ম-কানুন এবং এটি শিক্ষার্থীদের কম অনুপস্থিতি নিরসনের একটি পদ্ধতি নয়।
- এই মর্মে যে, যেসব শিক্ষার্থী ফস্টার কেয়ারে প্রবেশ করছে অথবা বেরিয়ে আসছে তাদের সম্পর্কে প্রাপ্ত তথ্য অবশ্যই OASIS-এ লিপিবদ্ধ করতে হবে।
- এই মর্মে ব্যবস্থা রাখে যে, অনুপস্থিতির কারণ হিসেবে পিতামাতার দেয়া ব্যাখ্যা যদি শিক্ষার্থীর নিরাপত্তা নিয়ে তাৎক্ষণিক উদ্বেগ সৃষ্টি করে, তবে বিষয়টি বাধ্যতামূলকভাবে ACS-এর গোচরে আনা আবশ্যক।
- এই মর্মে যে, নির্ধারিত স্কুল কর্মী সহায়তার জন্য NYCPS ফস্টার কেয়ার অফিসের সাথে যোগাযোগ করবেন।
- জোর দেয় যে, শিশু নিগ্রহ অথবা দুর্ব্যবহারের অন্য কোনো যুক্তিসঙ্গত সন্দেহ না থাকলে, শুধুমাত্র শিক্ষার্থীর কম উপস্থিতি, SCR-এ রিপোর্ট করার কারণ হতে পারে না।

সেকশন V. প্রতিবেদনকারীদের জন্য আইনি বিষয়সমূহ

- সমন (সাপিনা) সংক্রান্ত পথ-নির্দেশনা হালনাগাদ করে, এতে অন্তর্ভুক্ত আইনি সহায়তা পেতে নির্দিষ্ট যোগাযোগের ব্যক্তি।
- জেনারেল মিউনিসিপ্যাল ল্য-এর (সাধারণ পৌর আইন) § 50-k ধারা অনুযায়ী আইনি প্রতিনিধিত্ব এবং ক্ষতিপূরণ লাভের বিষয়টি সুস্পষ্ট করে।

সেকশন VII. স্টাফ প্রশিক্ষণ এবং পিতামাতা ও শিক্ষার্থীদের শিক্ষা

- এই মর্মে যে স্কুলের কর্মীদের প্রশিক্ষণে পরিবারের জন্য লভ্য তথ্য-সংস্থান অবশ্যই অন্তর্ভুক্ত হবে।
- ACS সাপোর্ট লাইনের জন্য ফোন নম্বর যোগ করে।
- আবশ্যক করে যে, স্টেটের আইন অনুযায়ী, K-8 গ্রেডের শিক্ষার্থীরা শিশুকে ছল-চাতুরীর মাধ্যমে বাধ্য করা এবং যৌন নির্যাতন প্রতিরোধের উদ্দেশ্যে ডিজাইনকৃত বয়সোপযোগী শিক্ষা-নির্দেশনা পাবে।
- এই মর্মে যে ইনফোহাব-এ (Infohub) শিক্ষাগত তথ্য-সংস্থান লভ্য আছে এবং লভ্য তথ্যের ধরনসমূহ বর্ণনা করে।

সেকশন VIII. অসদাচারণ রিপোর্ট করার ক্ষেত্রে NYCPS কর্মীদের বাধ্যবাধকতা

- এই মর্মে যে, চ্যান্সেলরের প্রবিধান A-820 অনুযায়ী, স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশনের কাছে পেশ করা কোনও রিপোর্টে কোনও শিক্ষার্থীর ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য অন্তর্ভুক্ত হবে না।

সেকশন IX. অবহিতকরণ

- প্রতিটি স্কুলকে ACS-এ যোগাযোগের তথ্য প্রকাশ করা আবশ্যক করে।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-750
বিষয়: শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: মঙ্গলবার, 18 জুন 2026

## সূচিপত্র


**ভূমিকা .......... 2**
**I. সংজ্ঞাসমূহ .......... 3**
**II. নিউ ইয়র্ক স্টেটওয়াইড সেন্ট্রাল রেজিস্টার অভ চাইল্ড অ্যাবিউস অ্যান্ড ম্যালট্রিটিমেন্ট-এ প্রতিবেদন প্রদানের প্রক্রিয়া .......... 4**
A. সন্দেহকৃত শিশু নিগ্রহ এবং/অথবা নিপীড়নের একটি প্রতিবেদন করা কার দায়িত্ব .......... 4
B. যৌক্তিক কারণ নির্ধারণ .......... 5
C. শিক্ষাগত অবহেলার উপর ভিত্তি করে সন্দেহজনক নিপীড়নের রিপোর্ট করা .......... 5
D. রিপোর্ট করার নিয়ম .......... 6
E. কোনো শিক্ষার্থীর আসন্ন বিপদের কথা জানানোর প্রক্রিয়া .......... 10
F. নিগৃহীত বা নিপীড়িত বলে সন্দেহকৃত কোনো শিক্ষার্থীর ছবি তোলার নিয়ম .......... 10
G. SCR যদি কোনো এমন পরিস্থিতি প্রতিবেদন প্রত্যাখ্যান করে এবং/অথবা পুলিশের কাছে পাঠায়, সেক্ষেত্রে প্রক্রিয়া .......... 13
**III. শিশু নিগ্রহ ও নিপীড়ন সন্দেহের প্রতিবেদনের পর ACS-এর সাড়াদানে সহযোগিতা করার প্রক্রিয়া .......... 14**
A. ACS-এর প্রাথমিক অনুসন্ধান .......... 14
B. মাল্টাইডিসিপ্লিনারি টিম ইনভেস্টিগেশন (বহুবিষয়ক দলগত অনুসন্ধান) অথবা অন্যান্য চাইল্ড প্রোটেক্টিভ সার্ভিস (শিশু সুরক্ষা পরিষেবা)-তে নিয়ে যাওয়ার জন্য চাইল্ড অ্যাডভোকেসি সেন্টার/চাইল্ড প্রোটেক্টিভ সেন্টারে শিক্ষার্থী স্থানান্তর .......... 16
C. নিগ্রহের মাত্রা অনুযায়ী তদন্তের কেইসসমূহ (সহযোগিতামূলক মূল্যায়ন, সাড়াদান, সংশ্লিষ্টতা এবং সহায়তা (CARES)) .......... 18
**IV. শিশু কল্যাণ বা চাইল্ড ওয়েলফেয়ার ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ক্ষেত্রে উদ্বেগ প্রকাশের নীতিমালা ও কার্যপ্রণালী (স্তর বিন্যস্ত সাড়াদানের নিয়ম-কানুন) .......... 18**
A. স্তর বিন্যস্ত নিয়ম-কানুন .......... 18
B. শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের সনাক্ত করা .......... 19
C. পর্যালোচনা ও মূল্যায়ন .......... 20
D. ACS অথবা ACS-এর অংশীদার এজেন্সির কাছে বাধ্যতামূলকভাবে উদ্বেগের গুরুত্ব বাড়ানো। .......... 21
E. SCR-এর কাছে উদ্বেগের গুরুত্ব বৃদ্ধি করা .......... 22
**V. বাধ্যতামূলক প্রতিবেদনকারীদের জন্য আইনি বিষয়সমূহ .......... 22**
A. দায় থেকে রেহাই .......... 22
B. রিপোর্ট করায় ব্যর্থতার দায় এবং দণ্ড .......... 23
C. প্রতিহিংসাপরায়ণমূলক পদক্ষেপ নিষিদ্ধকরণ .......... 23
D. স্কুল কর্মীদের উপর সপিনা (সমন) জারি .......... 23
E. কর্মচারিদের আইনি প্রতিনিধিত্ব লাভের অনুরোধ জানাবার অধিকার .......... 23
**VI. শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ টিমসমূহ .......... 24**
A. শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ টিমসমূহ .......... 24
B. সুপারিনটেনডেন্টের অফিস .......... 25
**VII. স্টাফ প্রশিক্ষণ এবং পিতামাতা ও শিক্ষার্থীদের শিক্ষা .......... 25**

A. স্টাফ প্রশিক্ষণ ........ 25
B. পিতামাতার অংশগ্রহণ ........ 26
C. শিক্ষার্থীর শিক্ষা ........ 26
**VIII. অসদাচারণের প্রতিবেদন করার ক্ষেত্রে NYCPS কর্মীদের বাধ্যবাধকতা ........ 27**
**IX. অবহিতকরণ ........ 27**
**X. OORS রিপোর্ট করা ........ 28**
A. শিশু নিগ্রহ ও নিপীড়নের OORS প্রতিবেদন ........ 28
**XI. কৌশলগত সহায়তা ........ 28**
**XII. অনুসন্ধান ........ 29**

## সারসংক্ষেপ

এই প্রবিধান 28 সেপ্টেম্বর, 2017 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-750 কে হালনাগাদ করে এবং স্থলাভিষিক্ত হয়।

নিউ ইয়র্ক স্টেট সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী, স্কুল কর্মীগণ বাধ্যতামূলকভাবে রিপোর্টার এবং তাদেরকে, পেশাগত ক্ষমতায়, অবশ্যই সন্দেহকৃত শিশু নিগ্রহ অথবা নিপীড়নের বিষয়গুলি রিপোর্ট করতে হবে যখন সেগুলি যুক্তিসঙ্গত কারণসহ তাদের কাছে শিশু নিগ্রহ অথবা নিপীড়নের বিষয় হিসেবে উপস্থাপন করা হয়। এই প্রবিধান বিবরণ দেয় কখন নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) কর্মীগণ এইসব রিপোর্ট আইনিভাবে করতে দায়বদ্ধ। এটি এও আলোচনা করে কীভাবে এবং কখন একটি পরিবারকে কমিউনিটি-ভিত্তিক সহায়তার সাথে সংযুক্ত করতে হয়। এটি আরও বিবরণ দেয় নিউ ইয়র্ক সিটি অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন সার্ভিসেস (ACS) কর্তৃক পরিচালিত তদন্তসমূহের সাথে সহযোগিতা করতে, এবং শিক্ষার্থী কল্যাণের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের জন্য উদ্বেগ বৃদ্ধিতে এবং অনুপস্থিতির পর্যাপ্ত ব্যাখ্যাদানে NYCPS ব্যক্তিবর্গের দায়বদ্ধতা কী কী।

এই প্রবিধান স্টেটের আইনের শর্তের উত্তরও প্রদান করে যা এই যে, পাবলিক স্কুলগুলি কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের যৌন হয়রানি এবং অন্যায়ভাবে সুবিধা গ্রহণের প্রতিরোধে শিক্ষানির্দেশনা প্রদান করে।

## ভূমিকা

একজন শিশু নিগৃহীত অথবা তার সাথে দুর্ব্যবহার করা হয়েছে বলে তখনই বিবেচিত হয় যখন তার বয়স 18 বছরের কম হয় এবং কোনো একজন পিতামাতা, অভিভাবক, কাস্টোডিয়ান অথবা বাড়িতে বসবাসকারী কোনো ব্যক্তি বা আইনগত প্রযত্ন প্রদানকারী ব্যক্তি তার ক্ষতি, ক্ষতির ঝুঁকি সৃষ্টি করেন, অথবা তার সুরক্ষায় ন্যূনতম প্রযত্ন প্রদান করতে ব্যর্থ হন। NYCPS স্কুল কর্মীগণ, রিপোর্টার হিসেবে, অবশ্যই শিশু নিগ্রহ এবং শিশুর প্রতি দুর্ব্যবহারের যৌক্তিক সন্দেহের বিষয়সমূহ স্টেটওয়াইড সেন্ট্রাল রেজিস্টার অভ চাইল্ড অ্যাবিউস অ্যান্ড ম্যালট্রিটমেন্টের (SCR) কাছে তাৎক্ষণিকভাবে রিপোর্ট করবেন।

এই প্রবিধানে বর্ণিত শিশু নিগ্রহ এবং শিশু উৎপীড়ন ছাড়াও সন্দেহজনক অপরাধজনিত কার্যকলাপ সম্পর্কিত উদ্বেগ এবং এর পাশাপাশি NYCPS স্কুল প্রোগ্রাম অথবা সার্ভিসেসের সাথে সংযুক্ত কোনো NYCPS কর্মী বা অন্য কারোর অসদাচরণের উদ্বেগের জন্য চ্যান্সলরের প্রবিধান A-412 দেখুন।

যদি, কোনো শিক্ষার্থীর স্বাস্থ্য বা সুরক্ষা নিয়ে এমন কোনো আসন্ন বিপদের ঝুঁকি দেখা দেয় বা কোনো শিক্ষার্থীর অবিলম্বে চিকিৎসা সহায়তার প্রয়োজন পড়ে, তাহলে অবিলম্বে 911-এ যোগাযোগ করতে হবে। চ্যান্সেলরের প্রবিধান A-412 দেখুন।

## I. সংজ্ঞাসমূহ

এই প্রবিধান জুড়ে যেসব পরিভাষা ব্যবহার করা হয়েছে, সেগুলোর সংজ্ঞা প্রদান করা হলো।

### পিতামাতা

এই প্রবিধান পিতামাতা শব্দটি যেভাবে ব্যবহার করা হয়েছে, সেভাবে তার অর্থ হলো সন্তানের পিতামাতা(গণ) অথবা অভিভাবক বা সন্তানের সাথে সম্পর্কিত যেকোনো পিতামাতা অথবা কাস্টোডিয়াল (তত্ত্বাবধায়ক) স্থানীয় ব্যক্তি বা পিতামাতা নির্ধারিত যেকোনো ব্যক্তি যিনি পিতামাতার অথবা অন্যথায় যেমনটি চ্যান্সলরের প্রবিধান A-101-এ বর্ণিত ভূমিকায় কাজ করেন।

### আইনিভাবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি

আইনিভাবে একজন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি (PLR)-এর মধ্যে পড়ে একজন শিক্ষার্থীর অভিভাবক, কাস্টোডিয়ান (তত্ত্বাবধায়ক) অথবা যেকোনো ব্যক্ত যিনি প্রাসঙ্গিক সময়ে একজন শিক্ষার্থীর যত্নের জন্য আইনিভাবে দায়িত্বপ্রাপ্ত। একজন কাস্টোডিয়ান হতে পারেন এমন কোনো ব্যক্তি যার বয়স 18 বছরের অধিক - তিনি অব্যাহতভাবে অথবা নিয়মিত বিরতিসহ নিয়োজিত হতে পারেন কিন্তু তাকে সন্তানটির সাথে একই বাড়িতে থাকতে হবে। এই প্রবিধান অনুযায়ী, PLR-গণ হতে পারেন NYCPS LYFE সেন্টারের কর্মীবৃন্দ এবং কোনো নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টার (NYCEEC)-এর কর্মীগণ।

### শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস)

18 বছর বয়সের কম একজন শিক্ষার্থী নিগ্রহের শিকার হতে পারে যদি তার পিতামাতা অথবা অন্য PLR: (i) শিক্ষার্থীকে গুরুতর শারীরিক আঘাত করেন অথবা দুর্ঘটনা ভিন্ন অন্য কারো দ্বারা আঘাতের সুযোগ প্রদান করেন, (ii) দুর্ঘটনা ভিন্ন উল্লেখযোগ্য একটি আঘাতের ঝুঁকি সৃষ্টি করেন বা অন্য কাউকে তেমন আঘাতের সুযোগ সৃষ্টি করে দেন, অথবা (iii) শিক্ষার্থীর বিরুদ্ধে কোনো যৌন হয়রানি ঘটান অথবা তেমন ঘটনা ঘটানোর সুযোগ করে দেন।

### শিশু নিপীড়ন

শিশু নিপীড়ন (এর অন্তর্ভুক্ত অবহেলা) বলতে বোঝায় 18 বছর বয়সের কম কোনো শিশুদের যত্নের দায়িত্ব যাদের, তারা যদি শিশুটির অপর্যাপ্ত যত্ন নেন। শিশু নিগ্রহ/অবহেলা তখনই ঘটে যখন একজন পিতামাতা অথবা PLR:

1. কোনো শিশুর ন্যূনতম যত্ন নিতে ব্যর্থ হওয়াতে তার ক্ষতি হয় অথবা সে আসন্ন কোনো বিপদের মধ্যে পতিত হয়, যেটি নিম্নরূপে ঘটে :
    a. শিশুটিকে পর্যাপ্ত খাবার, পোশাক-পরিচ্ছদ, আবাসন, শিক্ষা ("শিক্ষা-সংক্রান্ত অবহেলা"), আর্থিকভাবে সক্ষম থাকার পরেও চিকিৎসা সেবা প্রদানে ব্যর্থতা, অথবা আর্থিক সহায়তার সুযোগ বা অন্য যৌক্তিক উপায় থাকা সত্ত্বেও অথবা শিক্ষা-সংক্রান্ত অবহেলার অভিযোগের ক্ষেত্রে ব্যর্থতার কথিত অভিযোগ কমাতে স্কুল ডিস্ট্রিক্ট অথবা স্থানীয় শিক্ষাবিষয়ক এজেন্সি এবং শিশু সুরক্ষার এজেন্সির প্রচেষ্টা থাকা সত্ত্বেও সেটি না দেবার

কারণে,; অথবা

b. শিশুটির অযৌক্তিক ক্ষতি সাধন অথবা ক্ষতিগ্রস্ত হওয়ার সুযোগ প্রদান দ্বারা তার যথাযথ তত্ত্বাবধানে ব্যর্থতা, অথবা সেগুলি থেকে একটি উল্লেখযোগ্য ঝুঁকি তৈরি করা, এর মধ্যে আছে (a) এমন মাত্রায় মাদকদ্রব্য বা অ্যালকোহলের অপব্যবহার যা শিশুটির পর্যাপ্ত যত্ন গ্রহণ-ক্ষমতা খর্ব করে, (b) অত্যধিক দৈহিক শাস্তি প্রদান করা, অথবা (c) এরকম অন্য কোনো গুরুতর ধরনের কাজ করা যার জন্য ফ্যামিলি কোর্টের সহায়তা আবশ্যক হয়; অথবা,

2. কোনো শিশুকে পরিত্যাগ করেন।

**যৌক্তিক কারণ**

শিশু নিগ্রহ অথবা নিপীড়ন সন্দেহের যৌক্তিক কারণ বলতে বোঝায় যে, ঘটনা পর্যবেক্ষণ, পেশাগত প্রশিক্ষণ এবং অভিজ্ঞতার ভিত্তিতে, প্রতিবেদনকারী বিশ্বাস করেন যে, কোনো পিতামাতা অথবা অপর PLR একজন শিক্ষার্থীর ক্ষতি করছেন বা তাকে আসন্ন বিপদের মধ্যে ফেলছেন।

**প্রতিবেদনের অভিযুক্ত ব্যক্তি**

প্রতিবেদনে অভিযুক্ত ব্যক্তি হবেন সেই ব্যক্তি, যার বিরুদ্ধে SCR-এর কাছে শিশু নিগ্রহ বা নিপীড়নের অভিযোগ করা হয়েছে।

## II. নিউ ইয়র্ক স্টেটওয়াইড সেন্ট্রাল রেজিস্টার অভ চাইল্ড অ্যাবিউস অ্যান্ড ম্যালট্রিটমেন্ট-এ প্রতিবেদন প্রদানের প্রক্রিয়া

### A. সন্দেহকৃত শিশু নিগ্রহ এবং/অথবা নিপীড়নের একটি প্রতিবেদন করা কার দায়িত্ব

1. পেশাগত অথবা প্রাতিষ্ঠানিক কাজে নিয়োজিত থাকাকালে বিশেষ পরিস্থিতির মুখোমুখি কোনো একটি শিশু উপস্থিত হলে উল্লিখিত কর্মীদেরকে বাধ্যতামূলক প্রতিবেদনকারী হিসেবে বিবেচনা করা হয়: NYCPS স্কুল অফিসিয়ালগণ, যার অন্তর্ভুক্ত শিক্ষকবৃন্দ, গাইডেন্স কাউন্সেলরগণ, স্কুল সাইকোলজিস্টস্ সোশ্যাল ওয়ার্কারস্, নার্সেস, অ্যাডমিনিস্ট্রেটরস্, অথবা অন্য ব্যক্তিবর্গ যাদের অবশ্যই থাকতে হবে শিক্ষকতা অথবা প্রশাসনিক লাইসেন্স বা সার্টিফিকেট, এবং স্পোর্টস্ কোচগণ, যারা সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী বাধ্যতামূলক রিপোর্টার।
2. স্কুল এইডস্ (স্কুল সহায়তাকারীবৃন্দ), সম্পর্কিত পরিষেবা প্রদানকারীগণ, এবং স্কুল স্টাফ যারা পিতামাতার সংস্পর্শে আসেন বা কথাবার্তা বলেন, যেমন প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ, যারা উপরে উল্লিখিত সংজ্ঞা পূরণ করেন না, তারা NYCPS নীতি অনুযায়ী রিপোর্টার যখন তারা স্কুলে কর্মরত থাকেন এবং/অথবা পেশাগত পদে শিক্ষার্থীদের সাথে ইন্টার্যাক্ট করেন।
3. এছাড়া, স্কুলে কর্মরত অন্যান্য ব্যক্তিবর্গ, যাদের অন্তর্ভুক্ত কাস্টোডিয়াল (তত্ত্বধায়ক) স্টাফ, স্কুল খাবারের দায়িত্বে থাকা ব্যক্তিবর্গও নন-ম্যানডেটেড (আবশ্যিক নন) এমন রিপোর্টার কিন্তু তাদেরকে উৎসাহিত করা হয় রিপোর্ট করার জন্য যখন তাদের কাছে শিশু নিগ্রহ বা নিপীড়ন সন্দেহের যৌক্তিক কারণ থাকে। এই প্রবিধানের লক্ষ্য, বাধ্যতামূলক রিপোর্টার সম্পর্কিত সকল কাজ-কর্ম এবং আলোচনা বাধ্যতামূলক নয় এমন রিপোর্টারদের ক্ষেত্রেও প্রযোজ্য হোক, এর ব্যতিক্রমটি শুধু এই যে, সেটি বাধ্যতামূলক নয়। যদি, তবুও, কোনো নন-ম্যানডেটেড রিপোর্টার

রিপোর্ট করার বিষয়টি বেছে নেন, তাহলে সেক্ষেত্রে, তাকে অবশ্যই এই প্রবিধানের নিয়মগুলি মেনে চলতে হবে।

**B. যৌক্তিক কারণ নির্ধারণ**

1. SCR-এ রিপোর্ট করতে চাওয়ার বিষয়টি নির্ধারণে যৌক্তিক কারণ আছে কিনা সেটির উপর নির্ভর করে, রিপোর্টারদের আস্থা রাখতে হবে বিশ্লেষণী চিন্তা এবং বাস্তব ঘটনার উপর। উপরে সেকশন I-এতে প্রদত্ত সংজ্ঞাগুলির উদ্দেশ্য হলো NYCPS কর্মীগণের যাতে বুঝতে সহায়তা হয় যে, কখন তারা রিপোর্ট করতে আইনিভাবে দায়বদ্ধ। কোনো রিপোর্ট করার আগে রিপোর্টকারীকে নিগ্রহ বা নিপীড়ন বিষয়ে নিশ্চিত হওয়া আবশ্যিক নয় অথবা অন্যথায় শিক্ষার্থীর সাক্ষাৎকার নিতে হবে না বা শিক্ষার্থীকে কোনোভাবে যাচাই করে দেখতে হবে না। তবুও, শিশু নিগ্রহ অথবা নিপীড়ন সন্দেহের কোনো যৌক্তিক কারণ আছে কিনা সেটি নির্ধারণে প্রদত্ত তথ্য অথবা পর্যবেক্ষণ স্পষ্ট করার জন্য প্রশ্ন করা অনুমোদনযোগ্য।
2. নিউ ইয়র্ক স্টেট এবং NYCPS স্বীকৃতি দেয় যে, যৌক্তিক কারণ বিদ্যমান কিনা সেটি নির্ধারণে একজন রিপোর্টার পক্ষপাত (পরোক্ষ বা প্রত্যক্ষভাবে), ব্যক্তিগত বিশ্বাস, মূল্যবোধ, এবং অভিজ্ঞতা দ্বারা প্রভাবিত হতে পারেন। রিপোর্টারদের এখানে উল্লিখিত বিষয়গুলি বোঝা গুরুত্বপূর্ণ:
    a. তাদের ব্যক্তিগত পক্ষপাতসমূহ যেন তাদের বিচারে কোনো প্রভাব না ফেলে;
    b. সাংস্কৃতিক ভিন্নতাগুলি তাদের বিচারের বিবেচনায় রাখতে হবে;
    c. শুধুমাত্র দারিদ্র একটি রিপোর্ট তৈরির ভিত্তি নয়;
    d. নিম্ন স্কুল উপস্থিতি একটি রিপোর্ট তৈরির একক ভিত্তি নয় (সেকশন II.C দেখুন)।
3. একজন রিপোর্টারের পেশাগত ভূমিকায়, তাকে সহায়তার দরকার অথবা সংকটে আছে যার SCR রিপোর্ট করার জন্য কোনো আইনি ভিত্তি নেই এমন পরিবারগুলির সম্মুখীন হতে হবে, কিন্তু যিনি সহায়তা এবং পরিষেবা প্রদান করে লাভবান হবেন না। এই পরিবারসমূহকে লভ্য এবং যথাযথ কমিউনিটি পরিষেবার সাথে সংযোগ ঘটিয়ে দেয়া উচিত। ফ্যামিলি সহায়তা পরিষেবাসমূহের এমন আবশ্যিকতা নেই যে একটি পরিবারের এমন একজন শিশু আছে যাকে সংরক্ষিত রাখার কোনো প্রয়োজন আছে এবং সেটি SCR-এ কল ছাড়াই প্রবেশাধিকার পাওয়া যাবে। পরিবারের জন্য লভ্য আরও অধিক বিভিন্ন পরিষেবার তথ্যের জন্য NYCPS রিপোর্টিং চাইল্ড অ্যাবিউস ওয়েবসাইট দেখুন।

**C. শিক্ষাগত অবহেলার উপর ভিত্তি করে সন্দেহজনক নিপীড়নের রিপোর্ট করা**

1. স্কুলে কম উপস্থিতি, শুধুমাত্র নিপীড়ন সন্দেহের কোনো যৌক্তিক কারণ  হতে পারে না। সন্দেহকৃত শিক্ষা সংক্রান্ত অবহেলার একটি রিপোর্ট SCR-এ শুধু জানানো যাবে যদি শিশুটি প্রতিবন্ধী হয় অনুপস্থিতির কারণে আসন্ন প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকে। স্কুল কর্মী প্রথমে চেষ্টা করবে শিক্ষার্থী, পরিবার, এবং কমিউনিটি এজেন্সিসমূহের সাথে কাজ  করতে যাতে শিক্ষার্থীর চাহিদা শনাক্তকরণ এবং ঐসব চাহিদা পূরণে লভ্য রিসোর্স পাওয়া যায়।
2. শিক্ষা সংক্রান্ত অবহেলার জন্য SCR-কে জানাতে নিচে উল্লিখিত সকল উপাদান অবশ্যই থাকতে হবে:

a. শিক্ষার্থীকে অবশ্যই বাধ্যতামূলক স্কুল বয়সী হতে হবে এবং বর্তমানে NYC-এর অধিবাসী হতে হবে।
b. বৈধ কারণ অথবা অব্যাহতি ছাড়া শিক্ষার্থীকে অবশ্যই মাত্রাতিরিক্ত অনুপস্থিত থাকতে হবে;
c. অতিরিক্ত অনুপস্থিতির (অথবা শিক্ষার্থীর একটি ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্ল্যান (IEP) থাকতে হবে), কারণে শিক্ষার্থীটির শিক্ষা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং সে অতিরিক্ত অনুপস্থিতির কারণে প্রয়োজনীয় পরিষেবা লাভ করতে পারেনি, শিক্ষার্থীটির অবশ্যই তেমন অবস্থা থাকতে হবে ।
d. পিতামাতা অথবা অন্য PLR-কে অতিরিক্ত অনুপস্থিতি এবং ক্ষতির বিষয়ে  অবহিত করা হয়েছে যা শুধু বাড়িতে নোট পাঠিয়ে বা ভয়েস মেইল বার্তার বাইরেও অন্য কিছু করে।
e. স্কুল কর্মীগণ শিক্ষার্থীর উপস্থিতির সমস্যাটি সমাধানে শিক্ষার্থী এবং পিতামাতা বা অন্য PLR-কে সংশ্লিষ্ট করার প্রচেষ্টা চালিয়েছেন (উদাহরণ হিসেবে চ্যান্সেলরের প্রবিধান A-210) দেখুন; এবং
f. প্যারেন্ট অথবা অন্য PLR পরিস্থিতিটি সংশোধন করতে কোনো পদক্ষেপ নেননি।

3. যেসব শিক্ষার্থী অনুপস্থিত থাকে তাদের জন্য কখন এবং কীভাবে ফর্ম 407 উপস্থিতির অনুসন্ধান পরিচালনা করতে হবে সেটি চ্যান্সেলরের প্রবিধান A-210 (উপস্থিতির প্রোগ্রামের মান) অনুযায়ী নর্ধারিত হয়। যখন সেকশন III.C-তে বর্ণিত শিক্ষাগত অবহেলা রিপোর্ট করার সকল শর্ত পূরণ হবে, তখন ফর্ম 407 তদন্ত করা হয়েছে কী হয়নি, সেটি বিবেচনা ছাড়া শিক্ষাগত অবহেলার একটি প্রতিবেদন অবশ্যই ফাইল করতে হবে।

## D. রিপোর্ট করার নিয়ম

1. যখন কোনো 18 বছরের কম বয়সী শিক্ষার্থী বাধ্যতামূলক রিপোর্টকারীর সামনে স্কুলের সাথে সম্পর্কিত কাজে বা পেশাদারীত্বে নিয়োজিত থাকাকালে আসে এবং প্রতিবেদকের যৌক্তিক সন্দেহের কারণ থাকে যে শিক্ষার্থীটি পিতামাতা বা অন্য PLR দ্বারা নিগৃহিত বা নিপীড়নের শিকার, সেক্ষেত্রে প্রতিবেদককে অবশ্যই SCR-এ ঐ সন্দেহের বিষয়টি ফোনে 1-800-635-1522 নম্বরে ফোন করে জানাতে হবে।
2. কোনো পিতা-মাতা বা অন্য কোনো PLR যখন কোনো প্রতিবেদকের নিকট তাদের পেশাগত বা দাপ্তরিক ক্ষমতাবলে উপস্থিত হন এবং ব্যক্তিগত জ্ঞান থেকে এমন কোনো তথ্য, অবস্থা বা পরিস্থিতির কথা উল্লেখ করেন, যা সত্য হলে 18 বছরের কম বয়সী কোনো শিক্ষার্থী নিগৃহিত বা নিপীড়িত শিক্ষার্থী হিসেবে গণ্য হয়, তখন প্রতিবেদকের দায়িত্ব হলো সেকশন II.D.1 অনুযায়ী সেই সন্দেহের বিষয়টি অবিলম্বে SCR-এর কাছে জানানো।
3. প্রতিবেদককে অবশ্যই SCR-এ তার নিজস্ব যোগাযোগের তথ্যের পাশাপাশি নাম, পদবি এবং যোগাযোগের তথ্য প্রত্যেক NYCPS ব্যক্তি যাদের প্রতিবেদনটির অভিযোগ সম্পর্কে সরাসরি জ্ঞান আছে বলে বিশ্বাস করা হয়, তাদেরকে প্রতিবেদক যতটুকু তথ্য জানতে পেরেছেন, ততটুকু জানিয়ে দিতে হবে। বাধ্যতামূলক প্রতিবেদনকারীকে অবশ্যই শিক্ষার্থী নিগ্রহ অথবা নিপীড়নের

অভিযোগ সম্পর্কে তথ্য প্রদান করতে হবে, এবং অবশ্যই শিক্ষার্থী স্পেশাল এডুকেশন সার্ভিস পাচ্ছে কিনা এবং তার প্রতিবন্ধিতার প্রকৃতি সম্পর্কে যতটা তথ্য বাধ্যতামূলক প্রতিবেদক জানেন, তা জানাতে হবে।

4. শিক্ষা সংক্রান্ত অবহেলার ভিত্তিতে সন্দেহভাজন নিপীড়ন সম্পর্কে জানাবার বাধ্যবাধকতা সেকশন II.C-তে বর্ণিত আছে। একজন শিক্ষার্থীর অনুপস্থিতির কারণ বের করতে শিক্ষার্থীর পারিপার্শ্বিক পরিস্থিতি অনুসন্ধান প্রক্রিয়াসমূহ বর্ণিত আছে অন্তর্ভুক্ত আছে চান্সেলরের প্রবিধান A-210-এ (উপস্থিতির প্রোগ্রামসমূহের মান)।
5. প্রতিবেদনকারীকে অবশ্যই SCR-এ "কল I.D." নম্বরের কথা জিজ্ঞেস করতে হবে। "কল I.D." নম্বর অবশ্যই সংরক্ষণ করতে ও প্রতিবেদনকারী ও স্কুল কর্মকর্তাদেরকে OCFS LDSS-2221A লিখিত প্রতিবেদন পূরণ এবং NYCPS অনলাইন অকারেন্স (OORS) প্রতিবেদন পূরণ করার সময় সেটি ব্যবহার করতে হবে। (সেকশন II.D.8 এবং X দেখুন)। যদি প্রতিবেদনকারী লভ্যতা সাপেক্ষে একটি অনুসন্ধানের সারসংক্ষেপ (সামারি অভ ফাইন্ডিংস্) চিঠি পেতে চান, তবে তাকে অবশ্যই SCR-এ একটি ইমেইল ঠিকানা দিতে হবে।
6. SCR-এর কাছে প্রতিবেদন করার পর, প্রতিবেদনকারীকে অবশ্যই অতিসত্বর (এবং স্কুল দিবস শেষ হবার পরে নয়), প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে জানাবেন এবং তাকে "কল I.D" নম্বর প্রদান করবেন। এই প্রবিধানে করা ব্যবহার অনুযায়ী "প্রিন্সিপাল" শব্দটি NYCPS দ্বারা পরিচালিত কোনও শৈশবকালীন শিক্ষা (আর্লি চাইল্ডহুড এডুকেশন) প্রোগ্রামের ডিরেক্টরকেও বোঝায়। NYCPS বিল্ডিংসমূহের স্কুল এবং আর্লি চাইল্ডহুড প্রোগ্রামগুলির জন্য, প্রিন্সিপালের ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ টিম-এর সদস্য হতে হবে (সেকশন VI দেখুন)। এই প্রবিধান সংশ্লিষ্ট বিষয়ে প্রিন্সিপালদের দায়িত্বসমূহের কথা নিচে আরও উল্লেখ করা হয়েছে। যদি প্রিন্সিপাল এই দায়িত্বগুলো অন্য কারও উপর অর্পণ করতে চান, তাহলে প্রিন্সিপালকে অবশ্যই বার্ষিক ভিত্তিতে তার দায়িত্বে অন্য একজনকে পুনরায় নিযুক্ত করতে হবে।
7. যদি প্রতিবেদনকারীর কোনো যুক্তিসঙ্গত কারণ থাকে কোনো শিক্ষার্থীর নিগ্রহ বা নিপীড়নের শিকার বলে সন্দেহ করার এবং সরাসরি জানেন যে স্কুলের অন্য একজন প্রতিবেদনকারী কর্তৃক ইতোমধ্যে বিষয়টি SCR-এ প্রতিবেদন করা হয়েছে একই ঘটনা, অবস্থা, পরিস্থিতির ভিত্তিতে, সেক্ষেত্রে তারা তাৎক্ষণিকভাবে স্কুলের প্রিন্সিপাল বা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে পরামর্শ করবেন। যদি প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করে যে অন্য একটি প্রতিবেদন করা হয়েছে এবং সেটি গৃহীত হয়েছে, তিনি অবশ্যই দ্রুত প্রতিবেদনকারীকে "কল I.D" নম্বর প্রদান করবেন। যদি প্রিন্সিপাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তি নিশ্চিত না করেন যে অন্য একটি প্রতিবেদন করা হয়েছে এবং গৃহীত হয়েছে, অথবা যদি প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি প্রতিবেদনকারীকে "কল I.D." নম্বর প্রদান না করেন, তাহলে প্রতিবেদনকারীকে অবশ্যই তাৎক্ষণিকভাবে SCR-এ কল ইন প্রতিবেদন করতে এবং উপরে উল্লিখিত প্রক্রিয়াসমূহ অনুসরণ করতে হবে।

8. রিপোর্টার এবং/অথবা প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই SCR-এ মৌখিক প্রতিবেদন করার পর 48 ঘণ্টার মধ্যে LDSS-2221A ফর্ম ব্যবহার করে একটি লিখিত প্রতিবেদনও তৈরি করবেন। এই লিখিত প্রতিবেদনে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে: a) প্রত্যেক কর্মী সদস্য যার অভিযোগ সম্পর্কে সরাসরি জ্ঞান রয়েছে বলে বিশ্বাস করা হয় তাদের নাম, পদবি এবং যোগাযোগের তথ্য b) যেক্ষেত্রে নিগৃহ বা নিপীড়নের অভিযোগটি একটি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর সম্পর্কে হলে সেই শিক্ষার্থীর প্রতিবন্ধিত্ব এবং তাকে স্কুল কর্তৃক যে ডাক্তারি বা রিলেটেড সার্ভিস দেওয়া হয় তার বিবরণ দিতে হবে; এবং c) SCR-এ প্রদত্ত "কল I.D." নম্বর। প্রতিবেদনকারীকে অবশ্যই পিতামাতা অথবা অন্য PLR-এর বিরুদ্ধে অভিযোগের সূত্র সম্পর্কে তথ্য দিয়ে কল দিতে হবে। তদন্তের পর, ফর্মের যেখানে বলা আছে "প্রতিবেদনকারীর তদন্তে প্রাপ্ত তথ্যের অনুরোধ জানাচ্ছে" সেখানকার বক্সে হ্যাঁ চিহ্ন দিয়ে তদন্ত প্রতিবেদনের একটি কপিও চাইতে পারেন। ফর্ম-এর কপি পাওয়া যেতে পারে NYCPS রিপোর্টিং চাইল্ড অ্যাবিউস ওয়েবসাইটে।

   LDSS-2221A লিখিত প্রতিবেদন অবশ্যই ইমেইলে সেই বরো-এর স্থানীয় ACS অফিসে এবং প্রিন্সিপাল ও সুপারিনটেনডেন্টের দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে পাঠাতে হবে, যেখানে প্রতিবেদনে অভিযুক্ত ব্যক্তি বসবাস করেন। ACS বরো অফিসসমূহ এবং সুপারিনটেনডেন্টের দায়িত্বে নিযুক্ত ব্যক্তির যোগাযোগের তথ্য ইনফোহাব-এ পাওয়া যাবে।
9. স্কুলকে অবশ্যই সকল LDSS-2221A লিখিত প্রতিবেদনের একটি কপি 'রিপোর্টস্ অভ সাসপেকটেড চাইল্ড অ্যাবিউস' (শিশু নিগ্রহের প্রতিবেদন) শিরোনামের ফাইলে রাখতে এবং শুধু প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি দেখতে পারেন, এমন সুরক্ষিত স্থানে সংরক্ষণ করতে হবে। প্রতিবেদনের একটি কপি অবশ্যই সুপারিনটেনডেন্টের অফিসের স্টুডেন্ট সার্ভিস ম্যানেজারের কাছে পাঠাতে হবে, যিনি একইভাবে এসব প্রতিবেদন সংরক্ষণ করবেন (শিশু নিগ্রহ নিরোধ ও হস্তক্ষেপ বিষয়ক স্টুডেন্ট সার্ভিসের ম্যানেজার দায়-দায়িত্ব সেকশন VI.B-এ বর্ণিত আছে)।
10. যদি প্রতিবেদক শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা সম্পর্কিত অভিযোগ নিয়ে বাড়তি তথ্য জানতে পারেন যা আগে প্রতিবেদন করা হয়েছিল, তাহলে প্রতিবেদনকারীকে অবশ্যই বাড়তি তথ্য পাওয়ার 24 ঘণ্টার মধ্যে SCR-কে ফোন করে জানাতে হবে যে আগে প্রতিবেদন করা ঘটনা সম্পর্কে তার কাছে আরও বাড়তি তথ্য আছে এবং যেকোনো বাড়তি কর্মী সদস্য যার কাছে অভিযোগ সম্পর্কে সরাসরি জানা বাড়তি তথ্য থাকতে পারে, তার নাম, পদবি ও যোগাযোগের তথ্যসহ সকল নতুন তথ্য জানিয়ে দেবেন। যদি বাড়তি তথ্যে নতুন অভিযোগ অন্তর্ভুক্ত না থাকে, তাহলে একটি নতুন LDSS-2221A লিখিত প্রতিবেদনের প্রয়োজন হবে না। বাড়তি তথ্য অবহিত করতে SCR-কে ফোন করার পর, প্রতিবেদক অবশ্যই ঘটনাটি প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানাবেন যে বাড়তি ফোন করা হয়েছিল এবং বাড়তি তথ্য অন্তর্ভুক্ত করার জন্য LDSS-2221A লিখিত প্রতিবেদন যা আগে জমা দেওয়া হয়েছিল সেট হালনাগাদ করা হয়েছে এবং হালনাগাদকৃত প্রতিবেদন সেকশন II.D.8-এর বিধান অনুযায়ী জমা দেবে।
11. প্রতিবেদকের যদি একই শিক্ষার্থী সম্পর্কিত শিশু নিগ্রহ বা নিপীড়নের যৌক্তিক সন্দেহ থাকে যার

উৎস ভিন্ন ঘটনা, অবস্থা বা পরিস্থিতি যেগুলি আগের প্রতিবেদনে শিশুটি সম্পর্কিত ঘটনা থেকে আলাদা, তাহলে ঐসব যৌক্তিক সন্দেহ অবশ্যই SCR-এ জানাতে হবে এবং একটি নতুনLDSS-2221A লিখিত প্রতিবেদন প্রস্তুত করতে এবং সেকশন II.D.8 অনুযায়ী জমা দিতে হবে।

ACS-এ যোগাযোগের তথ্য

LDSS-2221A লিখিত প্রতিবেদনসমূহ নিচে উল্লিখিত ঠিকানাগুলিতে ইমেইল করা যেতে পারে:

ব্রংক্স: dcp.bronxldss-2221a@acs.nyc.gov
ব্রুকলিন: dcp.brooklynldss-2221a@acs.nyc.gov
ম্যানহাটান: dcp.manhattanldss-2221a@acs.nyc.gov
কুইন্স: dcp.queensldss-2221a@acs.nyc.gov
স্ট্যাটেন আইল্যান্ড: dcp.statenislandldss-2221a@acs.nyc.gov
অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশন (OSI)[1]: OSI-appl@acs.nyc.gov

12. কোনো একটি আবাসনে বসবাসকারী যেকোনো বয়সের বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীর সেই আবাসনের কোন কর্মী সদস্য কর্তৃক নিগৃহিত অথবা নিপীড়ত হওয়ার সন্দেহের যৌক্তিক কারণ থাকলে NYCPS কর্মকর্তাকে SCR-এ প্রতিবেদন না করে অবশ্যই (855) 373-2122 নম্বরে নিউ ইয়র্ক স্টেট জাস্টিস সেন্টারের ভালনারেবল পারসন্স সেন্টার রেজিস্টার (VPCR)-এ করবেন।

13. প্রতিবেদকদের দ্বারা করা SCR-এর প্রতিবেদনগুলি গোপনীয়, কিন্তু তা নামহীনভাবে করা যাবে না। প্রতিবেদকগণ অবশ্যই তাদের নাম প্রদান এবং যোগাযোগের তথ্য দেবেন - এর মধ্যে একটি পদ্ধতি থাকবে যা দিয়ে ACS স্কুল সময়ের বাইরেও, তাদের সাথে SCR-এ যোগাযোগ করতে পারেন। ACS কর্মীদের জন্য কোনো অনুসন্ধানের সময় প্রতিবেদকদের নাম বা পিতামাতার সাথে প্রতিবেদকের স্কুল অধিভুক্তি, প্রতিবেদনের বিষয়, অথবা পরিরারের তথ্য প্রকাশ নিষিদ্ধ। এছাড়া, NYCPS কর্মীগণের জন্য প্রতিবেদকের নাম প্রকাশ করা নিষিদ্ধ অথবা যে স্কুল পিতামাতার কাছে প্রতিবেদন করেছে, প্রতিবেদনের বিষয়, পরিবার, অথবা যে ব্যক্তি সোশ্যাল সার্ভিসেস আইনের অধীনে এই তথ্য পাওয়ার জন্য অনুমোদিত নয়, তাদের কাছে এসব নিশ্চিত করা নিষিদ্ধ। সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী প্রতিবেদনকারী ব্যক্তির পরিচিতি শুধু স্থানীয় ACS, কোনো আদালত, গ্র্যান্ড জুরি, ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, পুলিশ বা অনুমতিপ্রাপ্ত এ ধরনের অপর কোনো এজেন্সিকে জানানো যেতে পারে।[2]

প্রতিবেদকদের স্কুল কর্মীদের সাথে এই মর্মে আলোচনা থেকে বিরত থাকা আবশ্যক যে, তারা একটি প্রতিবেদন করেছেন, তারা শুধু এই প্রবিধান অথবা প্রযোজ্য আইনের বিধান মেনে চলবেন।

যদি কোনো প্রতিবেদকের এটা সন্দেহ করার কোনো কারণ থাকে যে, তার তথ্য কোনো NYCPS কর্মচারীর কাছে থেকে এমন পক্ষের কাছে প্রকাশ করা হয়েছে আইনত যাদের কাছে এসব তথ্য

[1]ফস্টার কেয়ার-এ থাকা শিক্ষার্থীবৃন্দের জন্য

[2] যদি কোনো কোর্ট মামলা থাকে, সেক্ষেত্রে প্রতিবেদকের পরিচিতি পিতামাতাকে জানানো যেতে পারে।

পাওয়ার অধিকার নেই, তাহলে অবিলম্বে ডিপার্টমেন্টের অফিস অভ লিগাল সার্ভিসেস-এর কাছে 212-374-6888 নম্বরে জানাতে হবে। যদি স্কুলের কর্মচারী বিশ্বাস করেন যে একজন ACS কর্মকর্তা কোনো প্রতিবেদনকারীর পরিচিতি বা প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি বা কোনো পিতামাতা অথবা পরিবারের অন্য কোনো সদস্যের কাছে স্কুলের সংশ্লিষ্টতা প্রকাশ করেছেন, এই উদ্বেগ ACS-এর 'অফিস অভ সেফটি ফার্স্ট'-এ 718-543-7233 নম্বরে জানাতে হবে।

14. যেসব NYCPS কর্মী যদি সন্দেহ করেন যে, কোনও শিক্ষার্থী মানব পাচারের শিকার হচ্ছে অথবা মানব পাচারের ঝুঁকিতে আছে, তাদেরকে অবশ্যই মানব পাচার সংক্রান্ত স্কুলের নিরাপত্তার নিয়মাবলীতে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

**E. কোনো শিক্ষার্থীর আসন্ন বিপদের কথা জানানোর প্রক্রিয়া**

1. যদি যে কোনো সময় কোনো শিক্ষার্থীর স্বাস্থ্য বা সুরক্ষা নিয়ে এমন কোনো আসন্ন বিপদের ঝুঁকি আছে বা কোনো শিক্ষার্থীর অবিলম্বে চিকিৎসা সহায়তার প্রয়োজন বলে বিশ্বাস করার পর্যাপ্ত কারণ থাকে, তাহলে অবিলম্বে 911-এ অবশ্যই কল করতে হবে। দেখুন চ্যান্সেলরের প্রবিধান A-412.
2. যদি যে স্কুল দিবসে সন্দেহকৃত শিশু নিগ্রহ অথবা নিপীড়নের কোনো প্রতিবেদন SCR-এ করা হয়েছে সেদিন ACS-এ যোগাযোগ করা না যায় এবং এটি মনে হয় যে শিক্ষার্থী বাড়ি ফিরলে তার জীবন, স্বাস্থ্য অথবা নিরাপত্তা আসন্ন ঝুঁকির মুখে, প্রিন্সিপাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তি অবশ্যই সুপারিনটেনডেন্টের অফিসের স্টুডেন্ট সার্ভিস ম্যানেজারকে জানাবে এবং ইমারজেন্সি পুলিশ সহায়তার জন্য SSA/NYPD-কে জানাবেন। যদি ACS স্কুলের আসার পথে থাকে এবং ছুটির পরে স্কুলে উপস্থিত হবে এমন হয়, সেক্ষেত্রে প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই SSA/NYPD-কে তাৎক্ষণিকভাবে সতর্ক করবেন এবং একজন কর্মী সদস্য ACS আসা না পর্যন্ত শিক্ষার্থীর সাথে থাকবেন।

**F. নিগৃহীত বা নিপীড়িত বলে সন্দেহকৃত কোনো শিক্ষার্থীর ছবি তোলার নিয়ম**

1. সন্দেহকৃত শিশু নিগ্রহ বা নিপীড়নের অভিযোগের সাথে সংশ্লিষ্টতার ক্ষেত্রে NYCPS-এর নীতি হলো দৃশ্যমান কোনো ক্ষতের ছবি তুলতে হবে নিচে উল্লিখিত নিয়ম অনুযায়ী।
    a. ছবি শুধু এমন কাউকে তুলতে হবে যিনি প্রাসঙ্গিক বিষয়ে নিউ ইয়র্ক সিটির প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। ন্যূনতমপক্ষে, প্রতিটি স্কুলে, স্কুল নার্স ও দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁকে (স্টাফদের একজন যিনি শিশু নিগ্রহ ও নিপীড়ন বিষয়ে সেকশন VI.A.2 অনুযায়ী স্টুডেন্ট সার্ভিসের ম্যানেজারের সাথে লিয়াজোঁ হিসেবে কাজ করার জন্য প্রিন্সিপাল কর্তৃক নিযুক্ত হয়েছেন) অবশ্যই এই প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। প্রতি স্কুলে কমপক্ষে দুইজন কর্মী সদস্য প্রশিক্ষণপ্রাপ্ত হবে। যদি কোনো স্কুল নার্স ভবনে দায়িত্বপ্রাপ্ত না থাকেন, তাহলে প্রিন্সিপালকে অবশ্যই বিকল্প কোনো একজন স্টাফকে প্রশিক্ষণের জন্য বেছে নিতে হবে; বাড়তি স্টাফও এই প্রশিক্ষণ সম্পন্ন করতে পারেন।
2. প্রিন্সিপাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তিকে অবহিত করা ও SCR-এ রিপোর্ট করা।
    a. যখন কোনো প্রতিবেদনকারী ট্রমার দৃশ্যমান লক্ষণ পর্যবেক্ষণ করেন এবং শিশু নিগ্রহ

অথবা নিপীড়ন সন্দেহের যৌক্তিক কারণ থাকে, তখন প্রতিবেদনকারীকে যা করতে হবে: (a) ছবি তোলার উদ্দেশ্যে, তাৎক্ষণিকভাবে প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে সন্দেহকৃত শিশু নিগ্রহ অথবা নিপীড়ন এবং দৃশ্যমান ট্রমার (আঘাতের) চিহ্ন বিষয়ে অবহিত করতে হবে; এবং (b) তার পরপরই সেকশন II.D প্রক্রিয়াসমূহ অনুযায়ী SCR-এ একটি মৌখিক প্রতিবেদন করবেন এবং দ্রুত (স্কুল দিবস শেষ হবার আগে) সেকশন II.D.6 অনুযায়ী প্রিন্সিপাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তির কাছে "কল ID" নম্বর প্রদান করবেন।

b. যখন প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে সন্দেহজনক শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা এবং দৃশ্যমান আঘাতের চিহ্নের কথা জানানো হবে, তখন প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবিলম্বে নার্স বা দায়বদ্ধ লিয়াজোঁ কিংবা অপর কোনো প্রশিক্ষিত কর্মচারিকে নিচে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী দৃশ্যমান আঘাতের ছবি তোলার দায়িত্ব দেবেন।

c. যে প্রশিক্ষিত ব্যক্তি ছবি তুলবেন, তাকে অবশ্যই SCR-এর কাছে প্রতিবেদন করা হয়েছে কি না, তা প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে জিজ্ঞেস করে নিশ্চিত করে নিতে হবে। যদি প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করেন যে একটি প্রতিবেদন করা হয়েছে, তাহলে তিনি অবশ্যই অবিলম্বে যিনি ছবি তুলবেন, তাকে "কল I.D." নম্বর প্রদান করবেন। যদি প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি একটি রিপোর্ট করা হয়েছে বলে নিশ্চিত না করেন, তাহলে যে ব্যক্তি ছবি তুলেছেন, তাকে অবশ্যই অবিলম্বে SCR-এ ফোন করে প্রতিবেদন করতে হবে এবং সেকশন II.D-এতে প্রতিবেদন করার যে প্রক্রিয়া দেওয়া আছে, সেটা অনুসরণ করতে হবে।

d. প্রিন্সিপাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তি অবিলম্বে, তবে ছবি তোলার 24 ঘণ্টার পরে নয়, যদি সংশ্লিষ্ট লিয়াজোঁ ছবি তোলার দায়িত্বে না থাকেন, তাহলে সংশ্লিষ্ট লিয়াজোঁকে জানাবেন যে, ছবি তোলা হয়েছে।

e. প্রতিবেদনকারীকে অবশ্যই SCR-এর কাছে মৌখিক প্রতিবেদন প্রদানের 48 ঘণ্টার মধ্যে সেকশন II.D.8-এ প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী লিখিত LDSS-2221A প্রতিবেদন জমা দিতে হবে। প্রতিবেদককে অবশ্যই ফর্মের উপর "Photographs" (আলোকচিত্র) বক্স চিহ্নিত করতে হবে যেখানে বলা হয়েছে "Actions Taken or About to be Taken" (পদক্ষেপ গৃহীত হয়েছে বা শীঘ্রই হতে যাচ্ছে)।

3. ছবি তোলা

a. একজন প্রশিক্ষিত কর্মী কর্তৃক ছবি অবশ্যই কোনো গোপন স্থানে এমনভাবে তুলতে হবে যাতে শিক্ষার্থীদের স্বার্থ ও গোপনীয়তা সর্বোত্তমভাবে রক্ষিত হয়। সম্ভব হলে ও উপযোগী হলে শিক্ষার্থীকে নার্সের অফিসে কিংবা স্কুলের মেডিকেল রুমে নিয়ে যেতে হবে যাতে ছবি তোলা যায়।

b. ছবি অবশ্যই তুলতে হবে একটি সিটি মালিকানাধীন ডিভাইস ব্যবহার করে যা কোনো স্কুল অথবা স্কুল প্রশাসকের জন্য ইস্যু করা এবং কোনো ব্যক্তি মালিকানার ডিভাইসে তোলা যাবে না।

c. শিক্ষার্থীর যৌনাঙ্গ, দেহের গোপন অংশ বা স্তন এলাকার ছবি তোলা বা পরীক্ষা করা যাবে না।

4. শিক্ষার্থীর ক্ষত/ক্ষতসমূহের ছবি ACS-এর কাছ পাঠানো
   a. ছবি তোলার পর ছবিসহ ডিভাইসটি অবশ্যই সাথে সাথে নির্ধারিত সমন্বয়কর্তার কাছে দিয়ে দিতে হবে।
   b. নির্ধারিত সমন্বয়কর্তাকে অবশ্যই নিম্নলিখিত তথ্য সংগ্রহ করতে হবে: SCR "কল I.D" নম্বর; শিক্ষার্থীর নাম, শিক্ষার্থীর OSIS নম্বর; এবং LDSS-2221A লিখত রিপোর্ট জমা দেওয়ার তারিখ।
   c. লিখিত LDSS-2221A রিপোর্ট জমা দেওয়ার সময়, অথবা পরবর্তিতে যখন সম্ভব হবে, নির্ধারিত লিয়াজোঁ অবশ্যই একটি এনক্রিপটেড (সুরক্ষিত) ইমেইলযোগে সিটি-মালিকানার ডিভাইস থেকে NYCPS প্রতিষ্ঠিত পদ্ধতি অনুসরণ করে ছবি সংযুক্ত করে নিচে নির্দেশিত নির্ধারিত বরোভিত্তিক ACS ইমেইল ইনবক্স-এ পাঠাতে হবে। ইমেইলে অবশ্যই যা যা অন্তর্ভুক্ত থাকতে হবে: SCR "কল I.D" নম্বর; শিক্ষার্থীর নাম; শিক্ষার্থীর OSIS নম্বর; সংযুক্ত ছবির সংখ্যা; প্রেরকের নাম; এবং স্কুলের নাম ও DBN।

| | |
|---|---|
| ব্রংক্স: | DOEPhotosBronx@acs.nyc.gov |
| ব্রুকলিন: | DOEPhotosBrooklyn@acs.nyc.gov |
| ম্যানহাটান: | DOEPhotosManhattan@acs.nyc.gov |
| কুইন্স: | DOEPhotosQueens@acs.nyc.gov |
| স্ট্যাটেন আইল্যান্ড: | DOEPhotosStatenIsland@acs.nyc.gov |

5. ছবি ধারণ করা ও সংরক্ষণ করা
   a. নির্ধারিত সমন্বয়কর্তাকে অবশ্যই ছবির একটি কপি প্রিন্ট করতে হবে। ছবিকে অবশ্যই সেকশন II.D.9-এ প্রতিষ্ঠিত নিয়ম মেনে LDSS-2221A লিখিত রিপোর্টের সাথে সুরক্ষিত স্থানে রাখতে হবে যা শুধু প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির দেখার সুযোগ আছে। প্রতিবেদন ও ছবি গোপন নথি এবং সেগুলোকে প্রতিবেদনে অভিযুক্ত ব্যক্তি, পিতামাতা, অথবা পরিবারের কাছে প্রকাশ করা যাবে না, এবং শুধু সেকশন II.D.13 দ্বারা প্রতিষ্ঠিত সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী অনুমোদিত ব্যক্তিদের কাছে এ ধরনের তথ্য প্রকাশ করা যাবে।
   b. ছবিগুলো ACS-এর কাছে প্রেরণের এবং ছবি কপি করার পর নির্ধারিত সমন্বয়কর্তাকে অবশ্যই ACS-এর ইমেইল প্রাপ্তির নিশ্চিতকরণ ইমেইল সংরক্ষণ করবেন, সিটি-মালিকানার ডিভাইস থেকে ছবি মুছে দেবেন, এবং ACS-এর কাছে পাঠানো ইমেইল ও সংযুক্ত ছবি মুছে দেবেন।

6. যদি SCR সন্দেহকৃত শিশু নিগ্রহ ও নিপীড়নের প্রতিবেদন গ্রহণ করতে অস্বীকৃতি জানালে যে প্রক্রিয়া অনুসরণ করতে হবে
   a. ছবি তোলার আগে সন্দেহকৃত শিক্ষার্থীর নিগ্রহ অথবা নিপীড়নের প্রতিবেদন করতে স্কুল

কর্মীগণ অবশ্যই তাদের সর্বোত্তম প্রচেষ্টা চালাবেন। যখন ছবি তোলা হয়েছে এবং SCR সন্দেহকৃত শিশু নিগ্রহ এবং নিপীড়নের প্রতিবেদন করতে অস্বীকৃতি জানাচ্ছে, এমন পরিস্থিতিতে প্রিন্সিপাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই নির্ধারিত লিয়াজোঁকে জানাতে হবে যে, রিপোর্টটি SCR কর্তৃক প্রত্যাখ্যাত হয়েছে।

b. নির্ধারিত লিয়াজোঁ সিটি-মালিকানার ডিভাইস থেকে ছবিগুলি অতিসত্ত্বর মুছে দিবেন। এ ছবির কোনো কপি করা হবে না রাখা হবে না।

**G. SCR যদি কোনো এমন পরিস্থিতি প্রতিবেদন প্রত্যাখ্যান করে এবং/অথবা পুলিশের কাছে পাঠায়, সেক্ষেত্রে প্রক্রিয়া**

1. যদি SCR পরিচালক প্রতিবেদন গ্রহণ করতে অস্বীকার করেন, যে ব্যক্তি ফোন করেছেন তিনি SCR সুপারভাইজরকে প্রতিবেদনটি পুনর্বিবেচনার অনুরোধ জানাতে পারেন। যদি কোনো প্রতিবেদনগৃহীত না হয়, তাহলে প্রতিবেদনকারীকে অবশ্যই সেই SCR অপারেটর এবং/অথবা সুপারভাইজারের নাম সংগ্রহ করতে হবে যিনি টেলিফোনে কথা বলেছেন এবং প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে ঘটনাটি জানাতে হবে যে একটি প্রতিবেদন করা হয়েছিল এবং সেটি গৃহীত হয়নি। এই তথ্য নথিভুক্ত করতে একটি OORS প্রতিবেদন তৈরি করতে হবে।
2. কিছু নির্দিষ্ট ক্ষেত্রে SCR কোনো 'ল এনফোর্সমেন্ট রেফারেল' (আইন প্রয়োগকারী সংস্থা, (LER)-এর কাছে প্রেরণ করতে পারেন ও শিশু নিগ্রহ ও নিপীড়নের অনুসন্ধানের জন্য NYPD-এর কাছে প্রতিবেদন করার সুপারিশ করতে পারেন। স্কুল কর্মকর্তাগণকে অবশ্যই পুলিশি এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের তদন্তে সহযোগিতা করতে হবে। যদি SCR আইন প্রয়োগকারী সংস্থাকে(LER) অবহিত করে, তবে স্কুলের আর আইন প্রয়োগকারী সংস্থার জন্য বাড়তি প্রতিবেদন করার প্রয়োজন নেই।
3. যেক্ষেত্রে NYPD কোনো শিক্ষার্থীকে শিশু নিগ্রহ ও নিপীড়নের জন্য পিতামাতার বিরুদ্ধে অভিযোগ সম্পর্কে প্রশ্ন করতে চাইবে, তখন প্রিন্সিপালকে অবশ্যই প্রশ্ন করার জন্য অনুমোদন দিতে হবে এবং তিনি অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার সাথে যোগাযোগ করবেন না। যখন পুলিশ শিক্ষার্থী নিগ্রহ অভিযোগের তদন্তের জন্য কোন শিক্ষার্থীকে প্রশ্ন করে এমন একজন ব্যক্তির বিরুদ্ধে যিনি অব্যাহতভাবে অথবা নিয়মিত একই বাড়িতে বসবাস করে, প্রিন্সিপালের সাথে পরামর্শের পর পুলিশ অথবা এজেন্সি স্থির করবে পিতামাতার সাথে যোগাযোগ ব্যতীত জেরা করা হবে কিনা। উভয় ক্ষেত্রে, প্রিন্সিপাল, অথবা অন্য কোন ব্যক্তি যার সাথে শিক্ষার্থী স্বাচ্ছন্দ্য বোধ করে, তাকে ইন্টারভিউয়ের সময় উপস্থিত থাকতে হবে, যদি না শিক্ষার্থী অন্য কোন ইচ্ছা প্রকাশ করে।
4. একজন শিক্ষার্থীর স্টুডেন্ট রেকর্ড পুলিশ অথবা ডিস্ট্রিক্ট অ্যাটর্নির কাছে প্রকাশ করা যেতে পারে স্বাস্থ্য এবং নিরাপত্তার গুরুত্ব অনুযায়ী এব ব্যতিক্রম বর্ণিত আছে ফ্যামিলি এডুকেশনাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (পরিবারের শিক্ষা সংক্রান্ত অধিকার এবং গোপনীয়তার আইন)-এ। যদি পুলিশ অথবা ডিস্ট্রিক্ট অ্যাটর্নি স্কুলকে অবহিত করে যে তারা শিশু নিগ্রহ অথবা নিপীড়নের একটি অভিযোগ অনুসন্ধান করছে, স্কুল কর্তৃপক্ষ পুলিশ অথবা ডিস্ট্রিক্ট অ্যাটর্নির কাছে যেকোনো

রেকর্ড প্রকাশের আগে পরামর্শের জন্য তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে যোগাযোগ করতে পারে, কিন্তু ঐসব রেকর্ড প্রকাশে অযৌক্তিক বিলম্ব করা যাবে না।

5. প্রক্রিয়াসমূহ চ্যান্সেলরের প্রবিধান A-412-(স্কুলে নিরাপত্তা অবশ্যই অনুসরণ করতে হবে)- এ বর্ণিত আছে: (a) যখন NYPD কোনো একজন শিক্ষার্থীকে শিশু নিগ্রহ অথবা নিপীড়ন ভিন্ন অন্য কোনো অপরাধের অভিযোগ সম্পর্কে প্রশ্ন করতে চায়, এবং (b) যখন NYPD শিশু নিগ্রহ বা নিপীড়ন ছাড়া অন্য একটি অপরাধের সাথে সংযুক্তির জন্য কোনো শিক্ষার্থীর স্টুডেন্ট রেকর্ড দেখতে চায়।

## III. শিশু নিগ্রহ ও নিপীড়ন সন্দেহের প্রতিবেদনের পর ACS-এর সাড়াদানে সহযোগিতা করার প্রক্রিয়া

### A. ACS-এর প্রাথমিক অনুসন্ধান

1. যখন SCR কোনো একটি প্রতিবেদন একটি স্থানীয় ACS অফিসে পাঠায় যার জন্য একটি অনুসন্ধানমুলক উত্তর আবশ্যক, তখন ACS একটি প্রাথমিক শিশু সুরক্ষা অনুসন্ধান পরিচালনা করে। ACS চাইল্ড প্রোটেক্টটিভ স্পেশালিস্ট (CPS কর্মী) কর্মী যাকে কেইসটির ভার অর্পণ করা হয়েছে তিনি প্রতিবেদকের ও স্কুলের অন্য যে কোনো ব্যক্তির সাক্ষাৎকার নেবেন, প্রতিবেদনের কারণ সম্পর্কে যাদের সরাসরি জানা আছে।
2. স্কুল কর্মকর্তা কর্তৃক অভিযোগের প্রতিবেদন করা হোক বা না হোক, সকল স্কুল কর্মী সন্দেহজনক শিক্ষার্থী নিগ্রহ বা নিপীড়নের সাথে জড়িত শিশু সুরক্ষা তদন্তে এবং CPS কর্মীকে সহযোগিতা করতে আইনিভাবে দায়বদ্ধ।
3. যখন একজন CPS কর্মী স্কুল প্রাঙ্গণে সন্দেহকৃত শিশু নিগ্রহ অথবা নিপীড়নের একটি শিশু সুরক্ষা মূল্যায়ন করতে চান স্কুল কর্মকর্তাগণ তখন নিচে উল্লিখিত প্রক্রিয়াসমূহ অবশ্যই অনুসরণ করবেন:
    a. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্য জানাতে হবে।
    b. যখনি কোনো CPS কর্মী কোনো প্রতিবেদন তদন্ত করবেন, তখন CPS কর্মকর্তার পরিচিতি অবশ্যই তার ফটো I.D. কার্ডের সাথে মিলিয়ে দেখাতে বলতে হবে। স্কুল কর্মীগণ CPS কর্মীর ফটো আইডি কার্ডের ফটোকপি করে রাখবেন না। যখনি কোনো CPS কর্মী কোনো স্কুল কর্মকর্তার সাথে ফোনে যোগাযোগ করবেন, স্কুল কর্মকর্তাকে তখন অবশ্যই যিনি কল করবেন, তার পরিচিতি যাচাই করতে বলতে হবে তার বা ACS ইমেইল ঠিকানা থেকে একটি ইমেইল বা ACS লেটারহেড ব্যবহার করে একটি ফ্যাক্স পাঠিয়ে।
    c. একবার কোনো CPS কর্মীর পরিচিতি যাচাই হয়ে যাওয়ার পর, CPS কর্মীকে ফ্যামিলি এডুকেশনাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি আইনে বর্ণিত স্বাস্থ্য ও সুরক্ষা জরুরি ব্যতিক্রম অনুযায়ী তার সকল শিক্ষার্থী রেকর্ড যা শিক্ষার্থীর সাথে সম্পর্কিত এবং যার নাম প্রতিবেদনে আছে এবং তার ভাইবোন যদি তারা একই স্কুলে পড়ে - এর অন্তর্ভুক্ত প্রযোজ্য IEP এবং মূল্যায়ন, সেগুলি দেখার সুযোগ দেওয়া যেতে পারে। স্কুল তাদেরকে এসব রেকর্ড দেখার সুযোগ বা অনুলিপি প্রদানের আগে তাদের সিনিয়র ফিল্ড

কাউন্সেলের সাথে পরামর্শের জন্য যোগাযোগ করতে পারবেন, তবে এসব রেকর্ড দেখার সুযোগ দিতে অকারণ বিলম্ব করা যাবে না। স্কুলকে CPS কর্মীর অনুরোধকৃত রেকর্ড ইলেকট্রনিকভাবে (যেমন ইমেইলে বা ফ্যাক্স করে) কিংবা এ ধরনের রেকর্ডের বাস্তব কপি দিতে হবে।

d. একবার পরিচিতি যাচাই হয়ে গেলে, CPS কর্মীকে অবশ্যই অনুমতি দিতে হবে ইন্টারভিউ পরিচালনা করতে যাতে শিক্ষার্থীর সুরক্ষা তদন্ত এবং মূল্যায়নের সাথে সম্পর্কিত তথ্য সংগ্রহ করা যায়। CPS কর্মী বা শিক্ষার্থী অনুরোধ করলে শিক্ষার্থীর পরিচিত স্কুল স্টাফদের একজন  পর্যবেক্ষণের জন্য শিক্ষার্থীর সাথে সাক্ষাৎকারের সময় উপস্থিত থাকতে পারেন। এ ধরনের সাক্ষাৎকারের সময় উপস্থিত স্কুল কর্মকর্তাকে গোপনীয়তা বজায় রাখতে বাধ্য থাকতে হবে এবং কোর্টে জবানবন্দি দিতে উপস্থিত হওয়ার জন্য সপিনা পেতে পারেন।

e. যেক্ষেত্রে CPS কর্মী কোনো শিক্ষার্থীকে শিশু নিগ্রহ ও নিপীড়নের জন্য শিক্ষার্থীর পিতামাতার বিরুদ্ধে অভিযোগ সম্পর্কে প্রশ্ন করতে চাইবেন, তখন অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার সাথে স্কুল যোগাযোগ করতে পারবে না।  যেখানে শিশু নির্যাতন ও নিপীড়নের অভিযোগ পিতামাতা ছাড়ান অন্য কোনো PLR-এর বিরুদ্ধে যিনি, সেখানে প্রিন্সিপাল ACS-এর সাথে পরামর্শের পরে স্থির করবেন শিক্ষার্থীটির পিতামাতার সাথে যোগাযোগ করবেন কিনা।

f. তাদের তদন্ত পরিচালনার সময়, CPS কর্মীগণ একজন শিক্ষার্থীর বাইরের পোশাক খোলার কথা বলতে পারেন যদি নিগ্রহ অথবা নিপীড়নের প্রকৃতি এবং সেটি কী পরিমাণ তা দেখার জন্য তাদের পেশাগত মতামত অনুযায়ী পোশাক অপসারণ প্রয়োজনীয় হয়। কোন অবস্থাতেই একজন CPS কর্মী কর্তৃক শিক্ষার্থীর বাইরের পোশাক খুলতে পারবেন না, যদি না সেখানে দ্বিতীয় আরেকজন CPS কর্মী, স্কুল কর্মকর্তা, বা স্কুল নার্স সেখানে উপস্থিত থাকেন। পরীক্ষা করার জন্য যদি শিক্ষার্থীর নিচের পোশাক খোলার প্রয়োজন হয়, তাহলে শিক্ষার্থীকে অবশ্যই এধরণের পরীক্ষার জন্য কোনো হাসপাতালে অথবা সেকশন II.B-তে প্রতিষ্ঠিত প্রক্রিয়া অনুসারে চাইল্ড অ্যাডভোকেসি সেন্টারে নিয়ে যেতে হবে।

g. তদন্ত পরিচালনার সময়, CPS কর্মীকে, স্কুল সম্পত্তির উপর, অবশ্যই সন্দেহজনক শিশু নিগ্রহ বা উৎপীড়নের অভিযোগের শিকার শিক্ষার্থীর ও তাদের ভাইবোনের, ভাইবোন একই স্কুলে পড়ুক আর না পড়ুক, সেটা বিবেচনা ছাড়াই, সাক্ষাৎকার নিতে ও পরীক্ষা করতে অনুমোদন দিতে হবে, যেভাবে উপরে ব্যাখ্যা করা হয়েছে।

**B. মাল্টিডিসিপ্লিনারি টিম ইনভেস্টিগেশন (বহু বিষয়ক দলগত অনুসন্ধান) অথবা অন্যান্য চাইল্ড প্রোটেক্টিভ সার্ভিস (শিশু সুরক্ষা পরিষেবা)-তে নিয়ে যাওয়ার জন্য চাইল্ড অ্যাডভোকেসি সেন্টার/চাইল্ড প্রোটেক্টিভ সেন্টারে শিক্ষার্থী স্থানান্তর**

ভিন্ন ভিন্ন পরিস্থিতির উপর নির্ভর করে সন্দেহকৃত শিশু নিগ্রহ বা শিশু নিপীড়নের তদন্তের ফলে কোনো একজন শিক্ষার্থীর ক্ষেত্রে তাকে হয়তো যথাযথ পরবর্তী পদক্ষেপ গ্রহণের এবং/অথবা বাড়তি মূল্যায়নের জন্য স্কুল থেকে অপসারণ করা হতে পারে। এটি ঘটতে পারে যখন: 1) একজন ACS কর্মী বা NYPD কোনো শিক্ষার্থীকে অপসারণ করে কোনো নিরাপত্তা জিম্মাদারিতে (প্রোটেকটিভ কাস্টোডি) রাখতে পারে; অথবা (2) কোনো শিক্ষার্থীকে চাইল্ড অ্যাডভোকেসি সেন্টার (CAC) অথবা মাল্টিডিসিপ্লিনারি টিম (MDT) (একাধিক বিষয় সম্পর্কিত দল) তদন্ত পরিচালনার জন্য একটি শিশু-বান্ধব পরিবেশে স্থানান্তর করতে পারে। এই ধরণের পরিস্থিতিতে স্কুলসমূহ যেসব প্রক্রিয়া বধ্যতামূলকভাবে অনুসরণ করবে সেগুলি নিচে বর্ণিত আছে:

1. যেসব শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নেয়া হবে
   কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে, ACS কর্মী বা NYPD একজন শিক্ষার্থীকে স্কুল থেকে অপসারণ করতে পারে এবং শিক্ষার্থীর নিরাপত্তা সুরক্ষার জন্য তাকে নিরাপত্তা জিম্মাদারিতে রাখতে পারে।
2. শিক্ষার্থীদেরকে CAC/CPC-তে স্থানান্তর
   যেসব ঘটনায় শারীরিক নির্যাতন, যৌন নির্যাতন, এবং/অথবা মারাত্মক নিপীড়ন সংশ্লিষ্ট থাকে, সেসব ক্ষেত্রে কোনো MDT সদস্যের দ্বারা MDT তদন্তের জন্য কোনো শিক্ষার্থীকে একটি CAC/CPC-তে স্থানান্তর করা হতে পারে। MDT গঠিত হয় ACS, NYPD, এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের ব্যক্তিদের সম্মিলনে, তারা একসাথে কাজ করেন যাতে নিম্নলিখিত উদ্দেশ্যগুলো বাস্তবায়ন করতে পারেন:
   a. নিশ্চিত করতে পারেন যে সময়মতো, কার্যকর, এবং সমন্বিত উপায়ে প্রমাণ সংগ্রহ করা হয়েছে; এবং
   b. ঘটনার শিকার শিশুদের বারংবার সাক্ষাৎকার গ্রহণের প্রয়োজনীয়তা কমিয়ে এবং সম্ভাব্য ক্ষেত্রে শিশু-বান্ধব পরিবেশে যৌথ সাক্ষাৎকার গ্রহণ করে তদন্ত প্রক্রিয়ার সময় শিক্ষার্থীর মানসিক ক্ষতি লাঘব করা;
   c. যোগ্য স্বাস্থ্য পেশাজীবী কর্তৃক শিক্ষার্থী নিগ্রহ বা নিপীড়নের শিকার শিশুদেরকে সম্ভাব্য ক্ষেত্রে সময়মতো ডাক্তারি পরীক্ষা এবং চিকিৎসার সুবিধা প্রদান করা; এবং
   d. শিক্ষার্থী নিগ্রহের শিকার এবং নিরপেক্ষ প্রযত্নপ্রদানকারীদেরকে আপদকালীন মধ্যস্থতা, ক্ষতিগ্রস্তের জন্য পরামর্শ এবং মানসিক স্বাস্থ্য পরিষেবার সুযোগ প্রদান করা।
3. যখন CPS কর্মীরা কোনো শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নিতে চাইবেন কিংবা যখন এক বা একাধিক MDT সদস্য কোনো শিক্ষার্থীকে একটি CAC/CPC-তে নিতে চাইবেন, তখন প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিচের প্রক্রিয়া অনুসরণ করতে হবে:
   a. কোর্টের অর্ডার, অথবা একটি DCP-048 ফর্ম (ACS-এর কাছ থেকে এই মর্মে একটি লিখিত বিবৃতি যে, একটি জরুরি পরিস্থিতি বিদ্যমান আছে যাতে শিক্ষার্থীর তাৎক্ষণিক

ক্ষতির হুমকি রয়েছে) পাওয়ার পর কোনো শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নিয়ে যেতে স্কুলকে অবশ্যই CPS কর্মীদের অনুমতি দিতে হবে। DCP-048 ফর্ম-এ কেসওয়ার্কার বা সুপারভাইজারকে সই দিতে হবে। CPS ওয়ার্কার যদি কোর্টঅর্ডার অথবা DCP-048 ফর্ম উপস্থাপনে ব্যর্থ হন, তাহলে প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে CPS কর্মীর সুপারভাইজরের সাথে নিশ্চিত করতে হবে যে CPS নিশ্চিত হয়েছেন যে, শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নিতে হবে। এই প্রক্রিয়ায় সহায়তার জন্য প্রিন্সিপাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তি সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে যোগাযোগ করবেন।

b. স্কুলকে অবশ্যই MDT-এর একজন সদস্যকে কোনো শিক্ষার্থীকে CAC/CPC MDT রিলিজ ফর্ম (স্বীকৃতির ফর্ম) উপস্থাপনার পর CAC/CPC-তে নিয়ে যেতে অনুমতি দিতে হবে। রিলিজ ফর্ম-এ সংশ্লিষ্ট MDT সদস্যকে অবশ্যই সই দিতে হবে। রিলিজ ফর্ম পাওয়া যায় NYCPS রিপোর্টিং চাইল্ড অ্যাবিউস ওয়েবসাইটে। স্কুলকে অবশ্যই CPS কর্মীর বা MDT সদস্যের পরিচিতি যাচাই করতে হবে তাদের ফটো I.D. দেখানোর অনুরোধ জানিয়ে। তবে কোনো CPS কর্মী বা MDT সদস্যের I.D. কার্ডের ফটোকপি করার অধিকার কোনো স্কুল কর্মীর নেই।

c. যখনি কোনো শিক্ষার্থীকে অপসারণ করা হয় ও নিরাপত্তা জিম্মাদারিতে কোনো CAC/CPC-তে প্রেরণ করা হয়, তখনি স্কুলকে অবশ্যই অবিলম্বে সুপারিনটেনডেন্টের অফিসে স্টুডেন্ট সার্ভিসেস ম্যানেজারকে অবহিত করতে হবে। স্টুডেন্ট সার্ভিসেস ম্যানেজারকে এ ধরনের সকল অপসারণের অবশ্যই একটি রেকর্ড সংরক্ষণ করতে হবে।

d. স্কুলকে অবশ্যই কোর্ট আদেশ, DCP-048 ফর্ম এবং CAC/CPC MDT রিলিজ ফর্ম (স্বীকৃতির ফর্ম)-এর কপি স্কুলের নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে।

e. যখন কোন শিক্ষার্থীকে CAC/CPC সাক্ষাৎকারের জন্য কোনো নির্দিষ্ট স্থানে নেয়া হয় এবং সে শিক্ষার্থী যদি MDT সদস্যের সাথে যেতে স্বাচ্ছন্দ্য বোধ না করে, অথবা যদি শিক্ষার্থী বা MDT সদস্য স্কুল কর্মীদের একজনকে সঙ্গে যেতে অনুরোধ করেন, তাহলে স্কুল কর্মীদের একজন সদস্য তার এবং MDT সদস্যের সাথে যেতে পারবেন। তথাপি, তদন্তের সময় কোনো স্কুল কর্মীর প্রকৃত ইন্টারভিউ রুমে থাকা অথবা ইন্টারভিউ পর্যবেক্ষণ করা অনুমোদিত নয়।

f. যদি পরিস্থিতি এমন হয় যে কোনো MDT সদস্যকে কোনো শিক্ষার্থীকে একটি CAC/CPC-তে স্থানান্তর করতে হয়, তাহলে MDT সদস্য পিতামাতাকে জানাবেন এবং তাদেরকে যোগাযোগের তথ্য প্রদান করবেন।
যদি পিতামাতা স্কুলের সাথে যোগাযোগ করেন, স্কুল পিতামাতাকে জানাবে যে শিক্ষার্থীকে CAC/CPC-তে নেয়া হয়েছে এবং পিতামাতাকে তার সাথে যোগাযোগের তথ্য দেবে।

g. NYCPS কর্মীরা কোনো শিক্ষার্থীর অতিরিক্ত মূল্যায়নের জন্য পরিবহনের দায়িত্ব নেবেন না। MDT সদস্যগণের দায়িত্ব হলো শিক্ষার্থীকে CAC/CPC-তে নেয়ার এবং শিক্ষার্থীকে স্কুল, বাড়ি, অথবা অন্য যথাযথ স্থানে ফিরিয়ে আনার।

h. স্কুলগুলো অবশ্যই নিরাপত্তা জিম্মাদারিতে থাকা শিক্ষার্থীদের সকল শিক্ষার্থীর অপসারণ এবং আসনদানের রেকর্ড রাখবে এবং/অথবা OORS-এ MDT তদন্তের জন্য CAC/CPC-তে স্থানান্তরের রেকর্ডও রাখতে হবে।।

**C. নিগ্রহের মাত্রা অনুযায়ী তদন্তের কেইসসমূহ (সহযোগিতামূলক মূল্যায়ন, সাড়াদান, সংশ্লিষ্টতা এবং সহায়তা (CARES))**

একটি প্রতিবেদনের প্রাথমিক পর্যালোচনা সম্পন্ন করার পর, ACS, পরিবারের সম্মতি নিয়ে, কেইসটি তদন্ত করার পরিবর্তে নিগ্রহের মাত্রা অনুযায়ী সাড়াদানের ভিন্ন ধারায় নিতে পারে। সহযোগিতামূলক মূল্যায়ন, সাড়াদান, সম্পৃক্তি এবং সহযোগিতা (কোলাবোরেটিভ অ্যাসেসমেন্ট, রেসপন্স, এনগেজমেন্ট, অ্যান্ড সাপোর্ট, CARES) হলো SCR-এ রিপোর্ট করা কেইসগুলির জন্য একটি বিকল্প শিশু নিরাপত্তা ব্যবস্থা যা স্টেটের আইন দ্বারা মঞ্জুরকৃত এবং পরিচালিত। যেসব প্রতিবেদনগুলিতে শিশুর তাৎক্ষণিক অথবা আসন্ন বিপদ নেই এবং কোনো গুরুতর শিশু নিগ্রহের অভিযোগ নেই, সেগুলিতে সাড়া দিয়ে CARES তাদের চ্যালেঞ্জগুলি মোকাবেলায় নিজস্ব সমাধান বের করতে, তাদের সন্তানদের যত্নে সহায়তা এবং রক্ষায় সহায়ক রিসোর্স খুঁজে বের করতে পরিবারসমূহের সাথে অংশীদার হয়ে শিশু সুরক্ষা এবং পরিবারের চাহিদা মূল্যায়ন করবে, পরিবারগুলিকে উৎসাহিত করবে। CARES ধারায় কোনো তদন্তের অথবা সিদ্ধান্ত গ্রহণের আবশ্যকিতা নেই যে, কোনো পিতামাতা অথবা অন্য PLR কোনো শিশুকে নিগ্রহ বা অবহেলা করে থাকতে পারেন।

1. CARES ধারায় প্রদত্ত প্রতিবেদনের জন্য, ACS সাত দিনের মধ্যে শিশুটি তার বাড়িতে নিরাপদ ছিল কিনা, সেটা মূল্যায়ন করবে। এই মূল্যায়নের সময় শিশুটির সুরক্ষা নিয়ে কোনো উদ্বেগ থাকাকালে অথবা CARES-এর ব্যবস্থা গ্রহণকালে যেকোনো সময় কেইসটিকে পুনরায় একটি শিশু সুরক্ষা তদন্তের ধারায় আনা যেতে পারে।
2. যদি কোনো একটি কেইস CARES প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হয়, তবে ACS-এর সাথে শিক্ষা সংক্রান্ত নথিপত্র শেয়ার করতে এবং/অথবা শিক্ষার্থীর সাথে সাক্ষাতের সুযোগ দিতে স্কুল-কর্মীকে অবশ্যই পিতামাতার সম্মতি নিতে হবে।

## IV. শিশু কল্যাণ বা চাইল্ড ওয়েলফেয়ার ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ক্ষেত্রে উদ্বেগ প্রকাশের নীতিমালা ও কার্যপ্রণালী (স্তর বিন্যস্ত সাড়াদানের নিয়ম-কানুন)

**A. স্তর বিন্যস্ত নিয়ম-কানুন**

টিয়ারড্ রেসপন্স প্রোটোকল (স্তর বিন্যস্ত নিয়ম-কানুন) হলো চাইল্ড ওয়েলফেয়ার ইনভলভমেন্টের সাথে (শিশু কল্যাণ) সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সুরক্ষা নজরদারির একটি সমন্বিত প্রচেষ্টা। এটি নিম্ন উপস্থিতি মোকাবেলার কোনো পদ্ধতি নয়। যেসব শিক্ষার্থী ধারাবাহিকভাবে অনুপস্থিত বা ধারাবাহিকভাবে অনুপস্থিত হওয়ার ঝুঁকিতে আছে তাদেরকে সংশ্লিষ্ট করার কৌশল জানতে https://schools.nyc.gov/school-life/school-environment/attendance সাইট দেখুন

এই প্রবিধানের প্রয়োজনে NYCPS শিক্ষার্থী (i) যারা ফস্টার কেয়ারে, (ii) কোর্ট-অর্ডার সুপারভিশনের অধীনে, এবং (iii) যারা কোনো SCR রিপোর্টে নামভুক্ত যা বর্তমানে ACS কর্তৃক তদন্তের অধীনে অথবা যেটি ACS দ্বারা তদন্তের পরে বর্তমান অথবা আগের শিক্ষা বছরে অভিযোগ প্রমাণিত - সেগুলিকে রেফার করা হয় "চাইল্ড ওয়েলফেয়ারের শিক্ষার্থী" (শিশু কল্যাণ দপ্তর সংশ্লিষ্ট শিক্ষার্থী) হিসেবে। চাইল্ড ওয়েলফেয়ার ইনভলবমেন্ট শিক্ষার্থীরা তিনটি স্তরে পড়ে, যা নিচের সেকশন IV.B.-এ সংজ্ঞায়িত। চাইল্ড ওয়েলফেয়ার ইনভলভমেন্টের কোনো শিক্ষার্থীর অপর্যাপ্তভাবে ব্যাখ্যাযুক্ত অনুপস্থিতি নির্দেশ করতে পারে যে, শিক্ষার্থীটি সুরক্ষা ঝুঁকিতে আছে অথবা সে পরিবারের চ্যালেঞ্জ মোকাবেলায় সহায়তা আবশ্যক যার কারণে শিক্ষার্থীটির স্কুলে যাওয়াকে সমস্যাগ্রস্ত করেছে।

1. স্কুলগুলোকে অবশ্যই শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের উপস্থিতির প্রতি নিবিড় নজর রাখতে হবে। চ্যান্সেলরের প্রবিধান A-210-এ প্রতিষ্ঠিত উপস্থিতি সংক্রান্ত শর্তাবলী পূরণ করা ছাড়াও, যখন শিশু কল্যাণ সংশ্লিষ্টতার সাথে তাদের শিক্ষার্থীদের উপস্থিতি পর্যালোচনা করা হয়, স্কুলগুলিকে অবশ্যই পিতামাতার সাথে যোগাযোগ করার পদক্ষেপের ব্যবস্থা করতে হবে, ACS-এর কাছে উদ্বেগ বৃদ্ধি করা, এবং OORS-এর কাছে জানিয়ে দেওয়া এই প্রবিধান অনুযায়ী বাধ্যতামূলক।
2. এই প্রবিধানে "পর্যাপ্ত ব্যাখ্যা সম্বলিত অনুপস্থিতি" শব্দগুচ্ছ যেভাবে ব্যবহৃত হয়েছে, সেটি অনুপস্থিতির একটি ব্যাখ্যা যা প্রিন্সিপাল কর্তৃক যোগাযোগ রক্ষাকারী কর্মী সদস্যদের সাথে আলোচনাক্রমে সন্তোষজনক বলে গৃহীত হয়, এটিকে ব্যাখ্যা করা যায় এইভাবে যে, এটি: (a) স্কুলের প্রিন্সিপাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তির জন্য অনুপস্থিতির কারণ জানার কোনো সুযোগ রাখে না; এবং (b) শিক্ষার্থীর সুরক্ষা সম্পর্কিত কোন উদ্বেগও তৈরি করে না। অনুপস্থিতির পর্যাপ্ত ব্যাখ্যা স্কুলটির উপস্থিতি নীতি অনুযায়ী আবশ্যিকভাবে একটি মার্জনাযোগ্য অনুপস্থিতি না-ও হতে পারে।

**B. শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের সনাক্ত করা**

স্কুলগুলিকে অবশ্যই যেসব শিক্ষার্থীর জন্য স্তর বিন্যস্ত সাড়াদানের নিয়ম-কানুন প্রযোজ্য তাদের শনাক্তকরণ নিচের ধাপগুলি অনুসরণ করবে।

1. প্রতি মাসে ACS এবং NYCPS-এর বিদ্যমান ড্যাটা মিলানোর পদ্ধতি ব্যবহার করে, NYCPS শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের একটি তালিকা তৈরি ও সুরক্ষিত রাখবে। সুপারিনটেনডেন্টের অফিসের স্টুডেন্ট সার্ভিসেস ম্যানেজার এটি নিশ্চিতকরণের জন্য দায়বদ্ধ যাতে স্কুলগুলি তাদের স্কুলের শিশু কল্যাণ সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের তালিকাগুলি পায় এবং সেগুলি পর্যালোচনা করে। কোনো বাড়তি তথ্য স্কুল যখন পাবে, তখন অবশ্যই এসব তালিকা হালনাগাদ করতে হবে।
    a. শিক্ষার্থীরা যখন ফস্টার কেয়ারে যোগদান করে এবং ডিসচার্জ হয়, তখন এজেন্সি স্কুলে একটি নোটিফিকেশন লেটার পাঠাবে। এই তথ্য অবশ্যই দ্রুত OASIS-এ এন্টার করতে হবে এবং ফস্টার কেয়ারের শিক্ষার্থীদের একটি হালনাগাদ তালিকা হিসেবে কাজ করবে।
2. শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীরা এই প্রবিধান সংশ্লিষ্ট প্রসঙ্গে ধাপ I, II, অথবা III-এ পড়বে, যার ব্যাখ্যা নিচে দেওয়া হলো।

a. ধাপ I

ধাপ I সেসব শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করে যাদের মধ্যে নিচের অবস্থাগুলো উপস্থিত রয়েছে:

i. শিক্ষার্থীটি এলেমেন্টারি বা মিডল্ স্কুলে আছে (প্রি-কিন্ডারগার্টেন থেকে গ্রেড ৪ পর্যন্ত); এবং

ii. শিক্ষার্থীর নাম একটি SCR রিপোর্টের অন্তর্ভুক্ত আছে যা চলমান ACS তদন্তের অধীনে রয়েছে, অথবা শিক্ষার্থীটির পরিবার কোর্টের আদেশের অধীনে তত্ত্বাবধানে আছে।

b. ধাপ II

ধাপ II সেসব শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করে যাদের মধ্যে নিচের অবস্থাগুলো উপস্থিত রয়েছে:

i. শিক্ষার্থী এলেমেন্টারি স্কুল বা মিডল্ স্কুলে আছে (প্রি-কিন্ডারগার্টেন থেকে গ্রেড ৪ পর্যন্ত); এবং

ii. শিক্ষার্থীর নাম একটি SCR রিপোর্টের অন্তর্ভুক্ত আছে যা চলমান অথবা পূর্ববর্তী শিক্ষা বছরে ACS তদন্ত শেষে প্রমাণিত হয়েছিল।

c. ধাপ III

ধাপ III সেসব শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করে যাদের মধ্যে নিচের অবস্থাগুলো উপস্থিত রয়েছে:

i. শিক্ষার্থী এলেমেন্টারি স্কুল বা মিডল্ স্কুলে আছে (প্রি-কিন্ডারগার্টেন থেকে গ্রেড ৪ পর্যন্ত); এবং

ii. শিক্ষার্থী বর্তমানে ফস্টার কেয়ারে (ট্রায়াল ডিসচার্জ বা বিচারকালীন অব্যাহতি সহ) আছে।

## C. পর্যালোচনা ও মূল্যায়ন

স্কুলগুলি পরিবার এবং শিক্ষার্থীদের চাহিদা পূরণ করার লক্ষ্যে অবশ্যই চাইল্ড ওয়েলফেয়ার ইনভলভমেন্ট (শিশু কল্যাণ সংশ্লিষ্টতা)-এর সাথে সম্পৃক্ত শিক্ষার্থীদের উপস্থিতি মনিটর করতে নিচে উল্লিখিত পদক্ষেপ গ্রহণ করবে।

1. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের প্রাত্যহিক উপস্থিতির প্রতি লক্ষ্য রাখা, আলাদাভাবে অনুপস্থিতির জন্য ফোন করতে এবং শিক্ষার্থীদের উপস্থিতি ও শিক্ষায়তনিক ইতিহাসের প্রতি পরিচিত হওয়ার জন্য কোনো স্টাফের উপর দায়িত্ব দিতে হবে। এই ব্যক্তিকে অবশ্যই নিয়মিত ক্লাসরুম টিচার ও স্কুল হেলথ অফিসে খোঁজ-খবর নিতে হবে এবং এসব শিক্ষার্থীর লেখাপড়ায় অগ্রগতি অথবা যেসব সমস্যার সৃষ্টি হয়, সেগুলো সম্পর্কে ILOG অথবা পরবর্তী (মিলিতভাবে ILOG) ব্যবস্থায় রেকর্ড হালনাগাদ করতে হবে।
2. প্রিন্সিপাল বা ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে স্কুল কর্মী যারা এসব শিক্ষার্থীর উপস্থিতির প্রতি লক্ষ্য রাখা এবং এসব শিক্ষার্থীর অনুপস্থিতির ব্যাপারে তাদের পরিবারের সাথে

যোগাযোগ রাখার দায়িত্বে নিয়োজিত স্টাফের (a) শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট স্কুলের শিক্ষার্থীদের তালিকা দেখার সুযোগ দেওয়া হয়েছে, (b) তারা প্রি-কিন্ডারগার্টেন থেকে গ্রেড ৪ পর্যন্ত শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের শনাক্ত করার জন্য অটোমেট দা স্কুলস্ (ATS), OASIS অথবা পরবর্তীতে আসা যেকোনো শিক্ষার্থী তথ্য ব্যবস্থা ব্যবহারের ব্যাপারে অবহিত আছেন ও ব্যবহার করেন, এবং (c) এই প্রবিধানের প্রক্রিয়াগুলির সাথে পরিচিত আছেন।

3. প্রিন্সিপাল বা ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে স্কুলের ভারপ্রাপ্ত ব্যক্তি, অ্যাটেনডেন্স কোঅর্ডিনেটর, এবং/অথবা এসব শিক্ষার্থীদের উপস্থিতির প্রতি লক্ষ্য রাখার দায়িত্বপ্রাপ্ত স্টাফের প্রাত্যহিক উপস্থিতির অবস্থা প্রতিফলনকারী তথ্য দেখতে পাওয়ার সুযোগ রয়েছে।
4. শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট কোনো শিক্ষার্থীর প্রতিটি দিনের অনুপস্থিতির ক্ষেত্রে দায়িত্বে নিয়োজিত স্কুল স্টাফকে অবশ্যই ঠিক একই দিনে যোগাযোগ করতে হবে এবং যদি পিতামাতার সাথে যোগাযোগ না করা হয়ে থাকে তাহলে এসব যোগাযোগের ফলাফল প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে জানাতে হবে। যদি পিতামাতার সাথে যোগাযোগ করা হয়ে থাকে এবং পিতামাতা কোনো কারণ প্রদর্শন করেন, তাহলে সে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই দায়িত্বপ্রাপ্ত স্কুল স্টাফের সাথে আলোচনাক্রমে নির্ধারণ করবেন যে, উপরে উল্লিখিত IV.A.2-এর সংজ্ঞা অনুযায়ী পিতামাতার দেখানো কারণটি সন্তোষজনক কিনা।
5. নির্ধারিত স্কুল কর্মী অবশ্যই ILOG অনুসরণ করে প্রতিদিনের অনুপস্থিতি রেকর্ড করবেন: (a) যদি পিতামাতার সাথে যোগাযোগ হয়, তাহলে পিতামাতা অনুপস্থিতির যে ব্যাখ্যা দেন, সেটা সন্তোষজনক বলে প্রিন্সিপাল মনে করেন কি না; অথবা b) যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায়, যোগাযোগ করার চেষ্টা এবং যোগাযোগ করতে অক্ষমতা। নিচে সেকশন IV.D.-তে প্রদত্ত পরিস্থিতিতে অনুপস্থিতির বিষয়টির গুরুত্ব অবশ্যই ACS-এর কাছে বাড়াতে হবে।
6. সাপ্তাহিক ভিত্তিতে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই হয় নিয়মিত স্কুল অ্যাটেনডেন্স টিম মিটিং-এ অথবা প্রিন্সিপালের কেবিনেট মিটিং-এ কিংবা YTD উপস্থিতির রিপোর্ট সপ্তাহভিত্তিক পর্যালোচনার জন্য স্কুল কর্তৃক অন্য কোনো প্রতিষ্ঠিত ব্যবস্থায় শিশু কল্যাণ সংশ্লিষ্ট শিক্ষার্থীর YTD (বছরের তাৎক্ষণিক) উপস্থিতি ও বিলম্বিত হওয়ার হার-এর খোঁজ রাখতে হবে।

**D. ACS অথবা ACS-এর অংশীদার এজেন্সির কাছে বাধ্যতামূলকভাবে উদ্বেগের গুরুত্ব বাড়ানো।**

1. ধাপ I-এর একজন শিক্ষার্থীর প্রথম দিনের অনুপস্থিতি, যদি যোগাযোগের উদ্যোগের ক্ষেত্রে উপস্থিতি কোঅর্ডিনেটর/প্রিন্সিপালের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি: (a) পিতামাতার সাথে যোগাযোগে অক্ষম হন; (b) পিতামাতার সাথে যোগাযোগ করতে পারেন কিন্তু পিতামাতা অনুপস্থিতির জন্য অপর্যাপ্ত ব্যাখ্যা দেন যা প্রিন্সিপাল কর্তৃক, যে কর্মী সদস্য যোগাযোগ করেছেন, তার সাথে আলোচনার পর শিক্ষার্থীর সুরক্ষা সম্পর্কিত তাৎক্ষণিক উদ্বেগ বৃদ্ধি পায়; অথবা (c) পিতামাতার সাথে যোগাযোগ হয় এবং পিতামাতা অনুপস্থিতি ব্যাখ্যা কোনো কারণ প্রদর্শন করেন না (উদাহরণস্বরূপ, পিতামাতা ফোন রেখে দেন বা স্কুলের প্রশ্নের উত্তর দিতে অস্বীকৃতি জানান), তাহলে উপস্থিতি কোঅর্ডিনেটর/প্রিন্সিপালের দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই:

a. শিক্ষার্থীর অনুপস্থিতির কথা এবং যোগাযোগের ফলাফল জানাতে অবিলম্বে দায়িত্বপ্রাপ্ত ACS টিম অথবা ACS এজেন্সি পার্টনারের সাথে যোগাযোগ করবেন; এবং

b. স্কুলের যোগাযোগসমূহ ILOG-এর ACS-এ রেকর্ড করবেন।

2. ধাপ II এবং ধাপ III শিক্ষার্থীদের জন্য লাগাতার তৃতীয় অনুপস্থিতির দিনে যে ক্ষেত্রে অনুপস্থিতির ব্যাখ্যার জন্য পিতামাতাদের সাথে যোগাযোগ করে পাওয়া যাবে না এবং/অথবা কোনো ব্যাখ্যা মিলবে না বা প্রদত্ত জবাবে পর্যাপ্ত ব্যাখ্যা মিলেনি বলে প্রিন্সিপাল যোগাযোগকারী স্টাফের সাথে আলোচনাক্রমে নির্ধারণ করেন, তাহলে দায়িত্বপ্রাপ্ত স্কুল স্টাফকে অবশ্যই:

a. শিক্ষার্থীর অনুপস্থিতি এবং যোগাযোগের ফলাফল জানাতে অবিলম্বে ACS এডুকেশন ইউনিটের 212-453-9918 নম্বরে অথবা Education.unit@acs.nyc.gov ঠিকানায় অথবা যথাযথ ফস্টার কেয়ার প্রদানকারী এজেন্সির সাথে, যেমনটি প্রযোজ্য, যোগাযোগ করবেন।

b. ILOG-এ প্রযোজ্য ACS অফিস পার্টনার অংশে স্কুলের যোগাযোগসমূহ রেকর্ড করবেন।

3. দায়িত্বপ্রাপ্ত স্কুল কর্মীকে সহায়তার জন্য NYCPS ফস্টার কেয়ার অফিসেও যোগাযোগ করতে হবে।

**E. SCR-এর কাছে উদ্বেগের গুরুত্ব বৃদ্ধি করা**

যদি কোনো সময়ে কোনো কর্মী সদস্যের সন্দেহের এই যৌক্তিক কারণ থাকে যে, শিশু কল্যাণ সংশ্লিষ্টতাযুক্ত কোনো শিক্ষার্থী শিশু নিগ্রহ অথবা নিপীড়নের শিকার হচ্ছে, তাহলে কর্মী সদস্যকে অবশ্যই: (a) সেকশন II.D অনুযায়ী অবিলম্বে SCR-এ সন্দেহের বিষয়টি জানাতে হবে; এবং (b) নিশ্চিত করতে হবে যে যথাযথ ACS অফিস অথবা ফস্টার কেয়ার প্রদানকারী এজেন্সির সাথে যথাপ্রযোজ্য দ্রুত যোগাযোগ করা হয়েছে। যদি কোনো সময় শিক্ষার্থীর স্বাস্থ্য বা সুরক্ষা নিয়ে আসন্ন বিপদের ঝুঁকি আছে বা জরুরি চিকিৎসা সহায়তার প্রয়োজন বলে সংশ্লিষ্ট স্টাফের বিশ্বাস করার পর্যাপ্ত কারণ থাকে, তাহলে সংশ্লিষ্ট স্টাফকে অবশ্যই অবিলম্বে 911-এ কল করতে হবে।

শিশু নিগ্রহ অথবা নিপীড়নের অন্য কোনো যুক্তিসঙ্গত সন্দেহ না থাকলে, শুধু শিক্ষার্থীর কম উপস্থিতি, SCR-এ রিপোর্ট করার কারণ হতে পারে না। এধরনের উপস্থিতির সমস্যা সংশ্লিষ্ট ACS টিম এবং/অথবা এজেন্সি প্রদানকারীর সাথে যোগাযোগের মাধ্যমে সমাধান করা যেতে পারে।

## V. বাধ্যতামূলক প্রতিবেদনকারীদের জন্য আইনি বিষয়সমূহ

**A. দায় থেকে রেহাই**

মহৎ উদ্দেশ্যে বিশ্বাসী হয়ে কোনো স্কুল কর্মচারী প্রতিবেদন করলে, ছবি তুললে, কোনো শিক্ষার্থীকে অপসারণ বা আটক করলে বা সোশ্যাল সার্ভিস আইনের অন্য ধারা অনুযায়ী শিক্ষার্থীর সুরক্ষা পরিষেবা সম্পর্কিত তথ্য প্রকাশ করে দিলে, যার জন্য অন্যথায় ফৌজদারি বা দেওয়ানি বিচারে দায়বদ্ধ থাকতে হতো, তিনি সে সব দায় থেকে রেহাই পাবেন। ধরে নেওয়া হয় প্রতিবেদনকারীদের উদ্দেশ্য মহৎ, কারণ এ ধরনের ব্যক্তি তাদের দায়িত্ব পালন করেন যা তাদের চাকরির দায়িত্বের অন্তর্ভুক্ত, এবং তারা কোনো স্বেচ্ছাকৃত অপকর্মে নিযুক্ত হন না বা রিপোর্ট করায়, ফটো তোলায়, শিক্ষার্থীকে অপসারণ বা আটক করায়, অথবা সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী শিশু সুরক্ষা পরিষেবার তথ্য প্রকাশ করায় বড় ধরনের অবহেলা না করে তাদের উপর ন্যস্ত কাজগুলো দায়িত্ব হিসেবে পালন

করেন। জ্ঞাতসারে কোনো মিথ্যা রিপোর্ট করলে সেটা রিপোর্টকারীর ফৌজদারি বা দেওয়ানি দায় প্রকাশ করে।

**B. রিপোর্ট করায় ব্যর্থতার দায় এবং দণ্ড**

শিশু নিগ্রহ অথবা নিপীড়ন হয়েছে বলে সন্দেহের যৌক্তিক কারণ থাকা সত্ত্বেও ইচ্ছাকৃত এবং/অথবা জ্ঞাতসারে শিশু নিগ্রহ ও নিপীড়ন প্রতিবেদন করতে ব্যর্থ হলে তার ফলে ফৌজদারি অপরাধ অথবা দেওয়ানী দায়বদ্ধতা সংঘটিত হতে পারে। এর ফলে NYCPS কর্তৃক কর্মীর বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থাও নেয়া হতে পারে।

**C. প্রতিহিংসাপরায়ণমূলক পদক্ষেপ নিষিদ্ধকরণ**

স্কুল এবং/অথবা অন্য কোনো NYCPS কর্মকর্তা কোনো কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধান মেনে সম্পাদন করা কোনো কাজের সাথে সংশ্লিষ্টতার জন্য ব্যক্তিগত প্রতিহিংসামূলক পদক্ষেপ গ্রহণ করতে পারবেন না।

**D. স্কুল কর্মীদের উপর সপিনা (সমন) জারি**

স্কুল কর্মী অবশ্যই আইনসঙ্গতভাবে ইস্যু করা সকল সপিনা মেনে চলবে। যদি কোন কর্মী সদস্য কোর্টে হাজির হবার অথবা কোনো শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা সম্পর্কে প্রামাণ্য দলিল দাখিলের জন্য সপিনা পান, তাকে অবশ্যই অতিসত্বর সুপারিনটেনডেন্টের অফিসের স্টুডেন্ট সার্ভিসেস ম্যানেজারের সাথে যোগাযোগ করতে হবে। এছাড়া, হাজির হওয়ার সাপিনার জন্য, সিনিয়র ফিল্ড কাউন্সেলরের সাথে যোগাযোগ করুন। রেকর্ডের জন্য সাপিনা পেলে যোগাযোগ করুন DOESubpoenas@schools.nyc.gov ঠিকানায়।

যদি সপিনা কোনো সরকারি এজেন্সির কাছ থেকে ইস্যু হয়, তাহলে সংশ্লিষ্ট স্টাফ সদস্যকে সপিনাতে উল্লেখ করা অ্যাটর্নির সাথে যোগাযোগ করতে হবে এবং তাকে আসন্ন কোর্টের তারিখটি ফোনে স্মরণ করিয়ে দেওয়ার অনুরোধ জানাতে হবে। ফোনে সতর্ক করে দেওয়ার কারণে কর্মী সদস্যকে ব্যক্তিগত হাজিরার আবশ্যিকতার সময় পর্যন্ত স্কুলে অবস্থানের সুযোগ দেয়। শুনানিতে কী প্রত্যাশা করা যেতে পারে সে সম্পর্কে জানতে কর্মী সদস্যের কোর্ট হাজিরার তারিখের আগে কর্মী সদস্যকে সরকারি অ্যাটর্নির সাথে কথা বলতে পরামর্শ দেয়া যাচ্ছে। সাক্ষ্য গ্রহণের আগে কোর্ট হাউজের পৃথক একটি ব্যক্তিগত রুমে অ্যাটর্নি যাতে তার জন্য অপেক্ষায় অবস্থানের ব্যবস্থা করেন, কর্মী সদস্য সে অনুরোধও জানাতে পারবেন।

**E. কর্মচারীদের আইনি প্রতিনিধিত্ব লাভের অনুরোধ জানাবার অধিকার**

এই প্রবিধান মেনে সম্পাদন করা কোনো কাজের সাথে সংশ্লিষ্টতার জন্য উদ্ভূত ফৌজদারি দায় থেকে সিটি যাতে কর্মচারীদের সুরক্ষা দেয়, সে অনুরোধ জানানোর অধিকার তাদের আছে।

একজন কর্মী সাধারণত আইনি প্রতিনিধিত্ব এবং ক্ষতিপূরণ লাভের যোগ্য যদি সেটি প্রাসঙ্গিক সময়টিতে কর্মী তার সরকারি কাজের আওতায় ও তার দায়িত্ব পালনে থাকেন, এবং NYCPS-এর কোন নিয়ম অথবা প্রবিধান লঙ্ঘন না করেন। আইনি প্রতিনিধিত্ব এবং ক্ষতিপূরণ প্রদান করা হয় সেইসব সরল বিশ্বাসী দায়বদ্ধ প্রতিবেদনকারীদের, যাদের বিরুদ্ধে শিক্ষার্থী নিগ্রহ অথবা নিপীড়নের সন্দেহকৃত ঘটনার প্রতিবেদনের জন্য মামলা হয়।

দ্রষ্টব্য: যেকোনো প্রাসঙ্গিক প্রশ্ন অথবা উদ্বেগ রয়েছে, সেইসব প্রতিবেদনকারী ACS অফিস অভ সেফটি ফার্স্ট-এ 718-543-7233 নম্বরে যোগাযোগ করতে পারবেন।

## VI. শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ টিমসমূহ

### A. শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ টিমসমূহ

1. প্রত্যেক স্কুল প্রিন্সিপালকে অবশ্যই একটি করে 'শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ টিম' গঠন করতে হবে। প্রিন্সিপাল/তার দয়িত্বে নিযুক্ত ব্যক্তি ছাড়াও, স্কুল টিমে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু তা নিম্নোল্লিখিতগুলোতে সীমাবদ্ধ নয়: একজন প্রশাসক; গাইডেন্স কাউন্সেলর; UFT প্রতিনিধি; পিতামাতা প্রতিনিধি; অন্য পিউপিল পারসোনেল সার্ভিস রিপ্রেজেন্টেটিভ; এবং স্কুল লিডারশিপ টিমের একজন প্রতিনিধি।
2. প্রত্যেক প্রিন্সিপাল স্কুলের 'শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ টিম' থেকে একজন কর্মী সদস্যকে সুপারিনটেনডেন্টের অফিসের স্টুডেন্ট সার্ভিস ম্যানেজারের লিয়াজোঁ (দায়ত্বপ্রাপ্ত সংযোগকর্তা) হিসেবে কাজ করার জন্য দায়িত্ব দেবেন। সেই দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁ আন্তঃএজেন্সি যোগাযোগ সহজীকরণে সহায়তা দেবেন এবং স্কুল, ACS এবং ফস্টার কেয়ার এজেন্সিসমূহের মধ্যে তথ্য বিনিময় করবেন এবং মানব পাচার এবং সুযোগ-গ্রহণসহ শিশু নিগ্রহ সম্পর্কিত উদ্বেগের মূল ব্যক্তি হিসেবে কাজ করবেন।
3. স্কুল শিশু নিগ্রহ এবং নিপীড়ন প্রতিরোধ এবং হস্তক্ষেপ টিম যা করবে:
    a. বার্ষিক ভিত্তিতে শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ পরিকল্পনা তৈরি, বাস্তবায়ন ও হালনাগাদকরণ, যা স্কুলের বার্ষিক কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইউথ ডেভেলপমেন্ট প্ল্যানের (সমন্বিত স্কুল ও যুব উন্নয়ন পরিকল্পনা) অংশবিশেষ, এটিকে প্রতি শিক্ষা বছর 31 অক্টোবরের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ হস্তক্ষেপ পরিকল্পনায় অবশ্যই স্টাফদের জন্য প্রশিক্ষণ এবং পিতামাতা ও শিক্ষার্থীদের জন্য শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ সম্পর্কে শিক্ষাগত প্রোগ্রাম অন্তর্ভুক্ত করতে হবে। (প্রশিক্ষণ এবং পিতামাতা ও শিক্ষার্থীদের শিক্ষা সম্পর্কে বাড়তি তথ্যের জন্য সেকশন VII দেখুন।)
    b. স্কুলের স্টাফদেরকে চ্যান্সেলরের অফিসের স্টুডেন্ট সার্ভিসেস ম্যানেজারের সাথে সহযোগিতায় শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ বিষয়ে প্রশিক্ষণ, তথ্যসূত্র এবং তত্ত্বাবধান প্রদান করা। টিমগুলো এ ধরনের তথ্যসূত্র ও তত্ত্বাবধান প্রস্তুত করা এবং এ ধরনের প্রশিক্ষণের জন্য প্রিন্সিপালের সিদ্ধান্ত অনুযায়ী চুক্তির শর্তের বাধ্যবাধতার সাথে সামঞ্জস্য রেখে ফ্যাকাল্টি কনফারেন্স ও প্রেপ টাইম (প্রস্তুতির সময়) ব্যবহার করতে পারবে।
    c. শিশু নিগ্রহ এবং নিপীড়ন রোধ ও হস্তক্ষেপ বিষয়ে কর্মীসদস্য, শিক্ষার্থী, এবং পিতামাতাদেরকে পরিষেবা/প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে স্থানীয় সামাজিক পরিষেবা এজেন্সিসমূহের ব্যবহার ও হস্তক্ষেপ। স্কুল-ভিত্তিক প্রশিক্ষণে ACS স্টাফদের অংশগ্রহণকে সমন্বয় করার জন্য রয়েছে ACS এডুকেশন ইউনিট। প্রশিক্ষণের অনুরোধ

ইমেইলে পাঠানো যেতে পারে Education.unit@acs.nyc.gov ঠিকানায় বা ফোনে 212-453-9918 নম্বরে।

**B. সুপারিনটেনডেনটের অফিস**

1. সুপারিনটেনডেন্ট শিশু নিগ্রহ এবং নিপীড়ন বিষয় নিয়ে পদক্ষেপ গ্রহণে স্কুলগুলিকে সহায়তাদানের জন্য দায়ী একজনকে দায়িত্ব দেবেন, প্রচলিত ধারায় যিনি হন স্টুডেন্ট সার্ভিস ম্যানেজার অথবা তার উত্তরসূরি। দায়িত্বে নিযুক্ত ব্যক্তি বিশেষভাবে নিম্নলিখিতগুলোর জন্য দায়বদ্ধ:
    a. প্রতিটি স্কুলের শিশু নিগ্রহ এবং নিপীড়ন রোধ এবং হস্তক্ষেপ পরিকল্পনা পর্যালোচনা, মূল্যায়ন, এবং অনুমোদনের জন্য;
    b. শিশু নিগ্রহ এবং অবহেলা রোধ, SCR, ACS, এবং অন্য সার্ভিস প্রদানকারীদের জন্য NYCPS সিটিওয়াইড কোঅর্ডিনেটরের সাথে একজন লিয়াজোঁ হিসেবে কাজ করবেন;
    c. স্কুল কর্মী, পিতামাতা এবং শিক্ষার্থীদের জন্য যোগাযোগ এবং পরিষেবার উন্নতির লক্ষ্যে ACS, কমিউনিটি এজেন্সিসমূহ এবং পরিষেবা প্রদানকারীগণের সাথে একটি কার্যকর সম্পর্ক প্রতিষ্ঠা।
    d. SCR-এ রিপোর্টকৃত সকল কেইসের ব্যাপারে প্রিন্সিপালের কাছ থেকে রিপোর্ট পাওয়া এবং ACS-এর সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা; এবং
    e. স্কুল প্রশাসক, দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁ, এবং স্কুলে শিশু নিগ্রহ এবং নিপীড়ন প্রতিরোধ এবং হস্তক্ষেপ টিমসমূহকে, যেমনভাবে সেকশন VII-এ বর্ণিত, শিশু নিগ্রহ এবং নিপীড়ন বিষয়ে নীতিমালা তৈরি এবং সেগুলি প্রতিরোধে চলমান সহায়তা এবং প্রশিক্ষণ প্রদান।
2. স্কুলগুলো যাতে তাদের স্কুলের শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের তালিকা পায় ও পর্যালোচনা করে, সেটা নিশ্চিত করার, এবং সেকশন IV.C অনুযায়ী, যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করার জন্যও দায়বদ্ধ।

## VII. স্টাফ প্রশিক্ষণ এবং পিতামাতা ও শিক্ষার্থীদের শিক্ষা

**A. স্টাফ প্রশিক্ষণ**

1. বার্ষিক ভিত্তিতে সকল দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁকে অবশ্যই 'দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁ প্রশিক্ষণ' (ডেজিগনেটেড লিয়াজোঁ ট্রেনিং) গ্রহণ করতে হবে, যেগুলো সন্দেহকৃত শিশু নিগ্রহ ও নিপীড়ন সনাক্ত ও প্রতিবেদন করার এবং NYCPS-এর প্রতিবেদন করার নিয়ম সম্পর্কে ধারণা দেয়।
2. সকল স্কুল স্টাফকে অবশ্যই প্রশিক্ষণ দিতে হবে যা তাদেরকে প্রতিবেদন করার এবং এই প্রবিধান প্রতিষ্ঠিত অন্যান্য দায়িত্ব পালন করার সক্ষমতা দেবে। এ ধরনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে প্রতি বছর 31 অক্টোবরের মধ্যে এবং সেগুলোতে যা যা অন্তর্ভুক্ত করতে হবে, সেগুলো হলো:
    a. শিশু নির্যাতন ও নিপীড়নের লক্ষণ;
    b. এই প্রবিধানের প্রয়োজনীয়তা, যার অন্তর্ভুক্ত আছে কখন অবশ্যই শিশু নির্যাতন ও নিপীড়নের প্রতিবেদন করতে হবে, কীভাবে প্রতিবেদন করতে হয় এবং কীভাবে স্থানীয়

CPS তদন্তে সহযোগিতা করতে হয়;

c. শিশু নিগ্রহ ও নিপীড়নের ঘটনা প্রতিবেদন করার আগে, প্রতিবেদন করার সময়ে এবং পরে শিক্ষার্থী এবং পিতামাতাদের সামাল দেয়া এবং তাদের সাথে কাজ করার কৌশল; এবং

d. শিশু নিগ্রহ ও নিপীড়নের ঘটনা প্রতিবেদন করার সাথে সম্পৃক্ত আইনি দিকসমূহ এবং তার তাৎপর্য, যার মধ্যে আছে গোপনীয়তার শর্ত ও প্রতিবেদন করতে অপারগতার পরিণতি, তবে তা এতেই সীমিত নয়; এবং

e. পরিবারসমূহের জন্য লভ্য তথ্য-উপকরণ।

3. দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁ এবং স্কুল নার্সকে অবশ্যই সন্দেহকৃত শিশু নিগ্রহ ও নিপীড়নের ঘটনার প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট ক্ষতস্থানের দৃশ্যমান চিহ্নের ছবি তোলার প্রশিক্ষণ দিতে হবে। যদি কোনো স্কুল নার্স স্কুল ভবনে দায়িত্বপ্রাপ্ত না থাকেন, তাহলে ছবি তোলার কাজ করার জন্য কোনো বিকল্প কর্মচারীকে প্রিন্সিপালকে বেছে নিতে হবে, এবং II.F.1 অংশে দেওয়া নিয়ম অনুযায়ী এ ধরনের কাজের জন্য যে কোনো ব্যক্তিকে উক্ত প্রশিক্ষণ দিতে হবে।

## B. পিতামাতার অংশগ্রহণ

1. সকল স্কুলকে অবশ্যই পিতামাতাদের জন্য শিশু নিগ্রহ ও নিপীড়ন সম্পর্কে শিক্ষাগত প্রোগ্রাম তৈরির ও প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ দিতে হবে। এ ধরনের প্রোগ্রামগুলোকে অবশ্যই শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ ও হস্তক্ষেপের ব্যাপারে স্কুলের ভূমিকা এবং সন্দেহজনক নিগ্রহ ও নিপীড়নের ঘটনা রিপোর্ট করায় স্কুলের বাধ্যবাধকতাসহ শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ সংক্রান্ত আইনের ব্যাপারে আলোকপাত করতে হবে। এসব প্রোগ্রামের মধ্যে স্কুল-পিতামাতা সহায়ক গ্রুপ এবং সন্তান লালন-পালনে পিতামাতার দক্ষতা বৃদ্ধিমূলক কর্মকাণ্ডও থাকতে পারে।

2. পিতামাতাদের শিক্ষামূলক কর্মকাণ্ড উপস্থাপন করতে হবে ইতিবাচকভাবে এবং সেগুলোকে হতে হবে শিক্ষার্থীদের সুরক্ষা এবং পরিবারগুলোর সহায়তা প্রদানের জন্য স্কুল যা করতে প্রস্তুত, সেগুলোর প্রতি তা অভিনিবিষ্ট।

3. পিতামাতা এবং শিক্ষার্থীদের প্রত্যক্ষ এবং পরোক্ষ উভয়ভাবে সহায়তা প্রদান করায় স্কুল এবং কম্যুনিটিতে বিদ্যমান তথ্য-উপকরণ ব্যবহার করতে হবে। আগ্রহী পিতামাতাদের ACS সাপোর্ট (ফোনে) লাইনে একটি রেফারেল (212) 676-7667) নম্বরে লভ্য। SCR কোনো কল ছাড়া কমিউনিটি প্রদানকারীদের মাধ্যমে থেরাপিউটিক (মানসিক) এবং কংক্রিট (বস্তুগত) সার্ভিসেস লভ্য। আরও তথ্যের জন্য, স্কুলগুলিকে শিক্ষা-বিষয়ক অবহেলার বিষয় প্রতিবেদন করা সম্পর্কে NYCPS-ACS-এর যৌথ নীতি দেখতে হবে যা পাওয়া যাবে NYCPS রিপোর্টিং চাইল্ড অ্যাবিউস ওয়েবসাইট।

## C. শিক্ষার্থীর শিক্ষা

1. স্কুলগুলোকে অবশ্যই সকল শিক্ষার্থীকে নিম্নলিখিত তথ্য দিতে হবে যাতে অন্তর্ভুক্ত থাকতে পারে বিদ্যমান স্বাস্থ্য ও সুরক্ষা প্রোগ্রামসমূহ:

a. শিশু নিগ্রহ এবং নিপীড়নের, যৌন নির্যাতন এবং আঘাত প্রদান সম্পর্কিত শিক্ষার্থীদের

জন্য বয়সোপযোগী তথ্য এবং কর্মকাণ্ড; এবং

b. প্রতিরোধ কৌশল সম্পর্কে বয়সোপযোগী তথ্য এবং ব্যক্তিগত সুরক্ষা দক্ষতা উন্নয়ন।

2. K-8 গ্রেডের সকল শিক্ষার্থী বয়স-উপযোগী শিক্ষা-নির্দেশনা লাভ করবে যা শিশুর কাছ থেকে অনৈতিক সুবিধা গ্রহণ এবং যৌন নির্যাতন প্রতিরোধের উদ্দেশ্য ডিজাইনকৃত।

3. শিক্ষা সংক্রান্ত তথ্য-উপকরণ ইনফোহাবে পাওয়া যাবে। তথ্য-উপকরণের মধ্যে থাকবে শিক্ষার্থীদের শিক্ষা এবং সহায়তাদান সম্পর্কিত তথ্য এবং পিতামাতাগণ যাতে বুঝতে পারে কীভাবে সহায়তা এবং হস্তক্ষেপ চাইতে হবে যদি তারা বা অন্য কেউ যাকে তারা চেনে এমন কেউ নিগৃহিত বা নিপীড়নের শিকার হয় (এর অন্তর্ভুক্ত শিশু নিগ্রহ এবং দুর্ব্যবহার, অপহরণ, গৃহ সহিংসতা, শৃঙ্খলা, এবং ডেটিংয়ে সহিংসতা)।

## VIII. অসদাচারণের প্রতিবেদন করার ক্ষেত্রে NYCPS কর্মীদের বাধ্যবাধকতা

সকল NYCPS কর্মচারী বা কর্মকর্তার নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্টের জন্য যে স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশন আছে তার কাছে NYCPS-এর কোনো কর্মচারী বা স্কুলের প্রোগ্রাম বা সার্ভিসের সাথে সংশ্লিষ্ট কারও দ্বারা সংঘটিত, সেটি স্কুল প্রাঙ্গণের ভেতরে বা বাইরে যেখানেই হোক, শিক্ষার্থীকে জড়িত করে যৌন নিগ্রহ এবং/অথবা অসদাচারণের যে কোনো তথ্য অবিলম্বে প্রতিবেদন করার একটি স্বীকৃত বাধ্যবাধকতা আছে। উল্লিখিত অসদাচরণ জানা সত্ত্বেও NYCPS-এর কোন কর্মী অথবা অফিসার প্রতিবেদন করতে ব্যর্থ হলে, সেটি তার পদ অথবা চাকরি থেকে অপসারণের কারণ হতে পারে। চলমান তদন্ত সম্পর্কিত তথ্য গোপনীয়। চ্যান্সেলরের প্রবিধান A-820 অনুযায়ী, স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশনের কাছে পেশ করা কোনও প্রতিবেদনে কোনও শিক্ষার্থীর ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য অন্তর্ভুক্ত হবে না।

স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশনের যোগাযোগ নিচের নম্বর এবং ঠিকানায় যোগাযোগ করা যাবে:

212-510-1400
80 Maiden Lane - 20th Floor
New York, NY 10038
http://nycsci.org/

## IX. অবহিতকরণ

A. প্রতিটি স্কুলকে অবশ্যই “Highlights of Chancellor’s Regulation A-750” (চ্যান্সেলরের প্রবিধান A-750-এর উল্লেখযোগ্য দিকসমূহ) চোখে পড়ার মতো উল্লেখযোগ্য স্থানে সেঁটে দিতে হবে। এর একটি কপি NYCPS রিপোর্টিং চাইল্ড অ্যাবিউস ওয়েবসাইটে পাওয়া যেতে পারে।

B. প্রত্যেক প্রিন্সিপালকে অবশ্যই শিক্ষকতায় ও শিক্ষকতা ছাড়া নিযুক্ত সকল স্টাফকে “Highlights of Chancellor’s Regulation A-750” (চ্যান্সেলরের প্রবিধান A-750-এর উল্লেখযোগ্য দিকসমূহ)-এর কপি দিতে হবে।

C. কোনো কর্মীসদস্য কেউ অনুরোধ জানালে তাকে চ্যান্সেলরের প্রবিধান A-750-এর একটি কপি অবশ্যই প্রদান করতে হবে।

D. প্রতিটি স্কুলকে বিজ্ঞপ্তি, OCFS-এর নিশু নিগ্রহ/নিপীড়ন টেলিফোন হটলাইন নম্বর, প্রতিরোধ সহায়তা

সার্ভিসেসের যোগাযোগ নম্বর এবং OCFS ওয়েবসাইট ব্যবহারের নির্দেশনার বিবরণ প্রদান করতে হবে ইংরেজি এবং স্প্যানিশ, এবং চ্যান্সলেরর প্রবিধান A-663 অনুযায়ী অন্তর্ভুক্ত সকল ভাষায়, নিচে দেওয়া বিবরণ অনুসারে:

1. পোস্ট করে: (a) শিশু নিগ্রহ অথবা নিপীড়নের রিপোর্ট পাওয়ার জন্য OCFS ব্যবস্থাপনায় পরিচালিত টেলিফোন নম্বর (1-800-342-3720); এবং (b) OCFS ওয়েবসাইট http://ocfs.ny.gov/main/cps/ দেখার জন্য ইন্টারনেট ঠিকানা।
   পোস্ট করা বিষয়বস্তুর একটি কপি পাওয়া যেতে পারে NYCPS রিপোর্টিং চাইল্ড অ্যাবিউস ওয়েবসাইটে।
2. পোস্ট করে: (a) ACS প্রতিরোধ সহায়তার লাইন নম্বর ((212-676-7667) অথবা ইমেইল connect@acs.nyc.gov, এবং (b) এই যে, NYCPS ওয়েবসাইট থেকে তথ্যে প্রবেশ করা যাবে। এই রকম তথ্য স্কুল বিল্ডিংয়ের অতি দৃশ্যমান স্থানগুলি পোস্ট করা হবে এবং স্কুলের ওয়েবসাইটে, যদি স্কুলের ওয়েবসাইট থাকে।
3. পিতামাতাদের কাছে এসব তথ্য প্রতি স্কুল বছরে কমপক্ষে একবার স্কুলের নির্ধারণ করা প্রক্রিয়ায়, যার মধ্যে আছে ইলেক্ট্রনিক যোগাযোগ মাধ্যমে বা শিক্ষার্থীদের সাথে এসব তথ্য বাড়িতে প্রেরণ করে, তবে তা শুধু এ প্রক্রিয়াগুলোতে সীমিত নয়;
4. স্কুলের প্রত্যেক শিক্ষক এবং প্রশাসকদেরকে এসব তথ্য দিয়ে; এবং
5. এসব তথ্য ডিস্ট্রিক্ট পর্যায়ের প্রশাসনিক অফিসগুলোতে সহজে পাওয়ার সুযোগ দিয়ে।

## X. OORS রিপোর্ট করা

### A. শিশু নিগ্রহ ও নিপীড়নের OORS প্রতিবেদন

যখনি SCR-এর কাছে একটি শিশু নিগ্রহ বা নিপীড়নের প্রতিবেদন করা হয়, SCR-এর কাছে জমা দেওয়া সে প্রতিবেদনের কথা প্রিন্সিপাল/স্থলাভিষিক্ত ব্যক্তি যখন জানবেন এবং তার "কল ID" নম্বর পাবেন, সেই সময় থেকে পরবর্তী 24 ঘন্টার মধ্যে প্রিন্সিপাল/স্থলাভিষিক্ত ব্যক্তিকে বাধ্যতামূলকভাবে একটি OORS প্রতিবেদন জমা দিতে হবে। প্রিন্সিপাল/স্থলাভিষিক্ত ব্যক্তিকে অবশ্যই সেই "কলার I.D." নম্বর OORS প্রতিবেদন দিতে হবে। প্রতিবেদনের সূত্র সম্পর্কে কোনো তথ্য প্রদান না করলেও চলবে, যেহেতু সে তথ্য গোপনীয়।

NYCPS OORS ওয়েবসাইট দেখা যাবে এখানে: https://apps.schools.nyc/ospp/। আপনার কৌশলগত প্রশ্নের উত্তরদানে সহায়তা প্রদানের জন্য অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের একটি হেল্প ডেস্ক রয়েছে। হেল্প ডেস্ক সোমবার থেকে শুক্রবার 7:00 AM – 7:00 PM খোলা থাকে। হেল্প ডেস্কে যোগাযোগ করার জন্য 718-935-5004 নম্বরে ফোন করে OSYD ওয়েব সাপোর্ট-এ সংযোগ দিতে অনুরোধ করুন।

## XI. কৌশলগত সহায়তা

অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট এই প্রবিধান বাস্তবায়নে এবং একটি শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ ও হস্তক্ষেপ পরিকল্পনা তৈরিতে সহায়তা দেয় এবং শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ বিষয়ক সকল প্রশিক্ষণ ও শিক্ষাগত উপকরণের জোগান দেয়। স্কুল কর্মীদের জন্য বাড়তি শিশু নিগ্রহ

প্রতিরোধের বিভিন্ন সামগ্রী এবং রিসোর্স NYCPS-এর শিশু নিগ্রহ রিপোর্ট করার ওয়েবসাইটে পাওয়া যাবে। কৌশলগত সহায়তার জন্য সিটিওয়াইড কোঅর্ডিনেটর অভ চাইল্ড অ্যাবিউস/নেগলেক্ট প্রিভেনশন প্রোগ্রামের সাথে যোগাযোগ করুন (যোগাযোগের তথ্যের জন্য সেকশন XI দেখুন)।

## XII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

| ফোন: | *Citywide Coordinator* | ফ্যাক্স: |
| --- | --- | --- |
| 212-374-0805 | *Child Abuse/Neglect Prevention Program*<br>N.Y.C. Department of Education<br>52 Chambers Street – Room 218<br>New York, , NY, 10007 | 212-374-5751 |